TESS India

# নেতৃত্ব বিষয়ক দৃষ্টিকোণ: আপনার বিদ্যালয়ের উন্নতির জন্য বিভিন্ন ধরনের তথ্যের ব্যবহার

## Perspective on leadership: using data on diversity to improve your school





ভারতে বিদ্যালয় ভিত্তিক সহায়তার ভিত্তিতে শিক্ষকের জন্য শিক্ষা

www.TESS-India.edu.in

http://creativecommons.org/licenses/

The Open University

UKaid from the British people

TESS-India-এর এই 20টি  বিদ্যালয় লিডারশিপ OER (মুক্ত শিক্ষা সম্পদ) বিদ্যালয় নেতৃত্বের বোঝার শক্তি আর দক্ষতা বৃদ্ধিতে সাহায্য করার  জন্য, যাতে তারা তাদের বিদ্যালয়ের শিখন ও  শিক্ষণ  পদ্ধতি উন্নত করার ক্ষেত্রে নেতৃত্ব দিতে পারেন।  মূলতঃ  এই ইউনিটগুলি বাস্তবমুখী, যাতে বিদ্যালয়ের কর্মী, শিক্ষার্থী ও অন্যান্যদের সাথে নিয়ে কার্যকলাপ সম্পাদন করতে হয়। সফল বিদ্যালয়সমূহের  উপর করা গবেষণা ও শিক্ষা সংক্রান্ত অধ্যয়ন এগুলির  ভিত্তি।

ইউনিটগুলো পাঠ  করার কোন নির্দিষ্ট ক্রম নেই, তবে 'দ্য স্কুল লিডার অ্যাজ ইনেব্লার' থেকে শুরু করাই শ্রেয়, কারণ এখানে সমগ্র স্তবকের  একটি অভিমুখ  আছে। আপনি নির্দিষ্ট বিষয়ের সাথে সম্পর্কিত ইউনিটগুলি একসঙ্গে অধ্যয়ন করতে পারেন; এই ইউনিট সমগ্র ন্যাশনাল সেন্টার অব্ স্কুল লিডারশিপ কারিকুলাম ফ্রেমওয়ার্কের (ভারত) মূল বিষয়গুলির সঙ্গে সঙ্গতিপূর্ণ।  এগুলি  হলঃ 'বিদ্যালয়ের নেতৃত্ব দৃষ্টিকোণ'(1); 'পরিচালনা ও স্ব-উন্নয়ন' (2); 'শেখানো-শেখার প্রক্রিয়ার রূপান্তর' (3); এবং 'পরিচালনায় অংশীদারিত্ব' (6)। মূল বিষয় 4 ও 5 – উদ্ভাবন ও দলের নেতৃত্ব দান - বিভিন্ন ইউনিটে আলোচিত হয়েছে, তবে নির্দিষ্ট বিষয় হিসাবে নয়। কিছু কিছু  ইউনিটে একটির বেশি মূল বিষয় আলোচিত হয়েছে।

এই বিভাগগুলি বিদ্যালয় নেতৃত্ব স্ব-অধ্যয়নের জন্য অথবা নেতৃত্বদান  শেখানোর  পাঠ্যক্রমের অংশ হিসাবে ব্যবহার করতে  পারেন। দুই ক্ষেত্রেই একটি ব্যক্তিগত শিক্ষার ডায়েরি রাখা এবং অন্যদের সঙ্গে কার্যকলাপ ও কেস স্টাডি সংক্রান্ত আলোচনার  মাধ্যমে  শেখার অভিজ্ঞতা  জ্ঞান  করে  নেওয়া  লাভপ্রদ হয়। 'বিদ্যালয় নেতৃত্ব'  শব্দটি এখানে প্রধান শিক্ষক, অধ্যক্ষ, শিক্ষক–প্রতিনিধি বা যিনি বিদ্যালয়ের নেতৃত্বের ভারপ্রাপ্ত - তাঁকে বোঝাতে ব্যবহৃত হয়েছে।

**ভিডিও সম্পদসমূহ**

এই  আইকন নির্দেশ করে কোথায়  কোথায়   TESS-India স্কুল নেতৃত্ব ভিডিও সম্পদ আছে ।  এই  ভিডিওগুলিতে  ভারতীয় বিদ্যালয়ের নেতৃত্বরা জানিয়েছেন যে শেখানো এবং শেখার উন্নতির জন্য তাঁরা কিভাবে তাদের বিদ্যালয়ে পরিবর্তন আনছেন। আমরা আশা  করি  সেগুলি আপনাকে অনুরূপ ব্যবস্থা নিয়ে পরীক্ষা-নিরীক্ষা করতে অনুপ্রাণিত করবে। ভিডিও-সম্পদগুলির উদ্দেশ্য হল পাঠ্যভিত্তিক ইউনিটের  মাধ্যমে করা আপনার কাজকে আরও সম্পূর্ণ ও সমৃদ্ধ করা, কিন্তু যদি এগুলি উপলভ্য না হয়, সেক্ষেত্রে এগুলি অপরিহার্য নয়।

TESS-India ভিডিও সম্পদগুলি TESS-India ওয়েবসাইট http://www.tess-india.edu.in/ থেকে অনলাইনে দেখা যেতে পারে বা ডাউনলোড করা যেতে পারে। অথবা আপনি একটি সিডি বা মেমরি কার্ডেভিডিওগুলি পেতে পারেন।

**TESS-India (বিদ্যালয়-ভিত্তিক সহায়তার মাধ্যমে শিক্ষক প্রশিক্ষণ) প্রকল্পের বিষয়ে**

TESS-India-এর লক্ষ্য হল শিক্ষার্থী-কেন্দ্রিক, অংশগ্রহণমূলক পদ্ধতির উন্নতিতে বিদ্যালয় নেতৃত্ব আর শিক্ষকদের সহায়তা করার জন্য ওপেন এডুকেশনাল রিসোর্সেস-এর রিসোর্সগুলির মাধ্যমে ভারতের প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদের শ্রেণিকক্ষের অনুশীলন উন্নত করা। 105 টি TESS-India বিষয়ক  OERs ভাষা, বিজ্ঞান এবং গণিত বিষয়ে বিদ্যালয়ের পাঠ্যপুস্তকের সাথে শিক্ষকদের সঙ্গ  প্রদান করে। এগুলি শিক্ষার্থীদের সঙ্গে শ্রেণিকক্ষে পরখ করে দেখার জন্য কার্যক্রম  দেয়, আর একই সাথে শিক্ষকদের  কিছু কেস স্টাডি দেয় যেগুলি দেখায় যে অন্য শিক্ষকরা কীভাবে বিষয়টি পড়িয়েছেন এবং সম্পদগুলির মধ্যে কিভাবে  যোগসূত্র স্থাপন করেছেন শিক্ষকদের পাঠের পরিকল্পনা ও বিষয়জ্ঞান উন্নত  করতে  সাহায্য  করার  উদ্দেশ্যে।

ভারতীয়  পাঠ্যক্রম এবং প্রসঙ্গগুলির জন্য সমস্ত  TESS-India OERs  ভারতীয় এবং আন্তর্জাতিক লেখকরা  সহযোগিতা  করে লিখেছেন  এবং এগুলি অনলাইনে এবং ছেপে ব্যবহারের জন্য পাওয়া  যায়  (http://www.tess-india.edu.in/)। OERs অনেক রূপে পাওয়া যায় এবং এগুলি ভারতের প্রত্যেক অংশগ্রহণকারী রাজ্যের জন্য উপযুক্ত এবং স্থানীয় প্রয়োজনীয়তা  ও  প্রাসঙ্গিকতা  অনুসারে OERsগুলি  উপযোগী  করে  আঞ্চলিক  ভিত্তিতে  ব্যবহার  করার  জন্য  ব্যবহারকারীদের  অমন্ত্রণ  করা  হচ্ছে।।

TESS-India  The  Open  University,  UK দ্বারা পরিচাতিল এবং UK  সরকারের  অর্থপ্রাপ্ত।

সংস্করণ 2.0   SL10v1

West Bengal

তৃতীয় পক্ষের উপাদানগুলি বা অন্যথায় বর্ণিত না হলে এই সামগ্রীটি একটি ক্রিয়েটিভ কমন্স অ্যাট্রিবিউশন-শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অধীনে উপলব্দ: http://creativecommons.org/licenses/by-sa/3.0/

# এই ইউনিটের বিষয়বস্তু

ভারতে বৈচিত্র্যের ব্যাপ্তি অপরিমেয় জাতি, বর্ণ, লিঙ্গ, ভাষা, ধর্ম, শ্রেণি, মত, সম্প্রদায়, সামাজিক গোষ্ঠী, অর্থনৈতিক অবস্থা, শিক্ষাগত মান, ক্ষমতা, স্বাস্থ্য, জীবিকা, ভৌগোলিক অবস্থান, জলবায়ু এবং রাজনৈতিক মতবাদের মাধ্যমে তা প্রকাশ করা হয়। প্রথাগতভাবে, বৈচিত্র্যকে কখনও কখনও পার্থক্য হিসাবে দেখা হয় এবং 'সমস্যা' মনে করা হয় – সম্পদ নয় আপদ। তবে, একটি বিদ্যালয়ের শিক্ষাগত ফলাফলের উন্নতি নিশ্চিত করতে, ইতিবাচক সম্পদ হিসেবে বৈচিত্র্যকে বোঝা জটিল ব্যাপার।

বিদ্যালয় কর্তৃপক্ষের সবথেকে বড় সমস্যা হল এই বৈচিত্র্যের মধ্যেও বিদ্যালয়ের প্রতিটি শিক্ষার্থীকে সমান সুযোগ ও সঠিক মানের শিক্ষা প্রদান করা। জাতীয় পাঠ্যক্রমের বুনিয়াদ (NCF) এবং শিক্ষা আইন 2009 (RtE) প্রবর্তনের সঙ্গে, তুলনামূলকভাবে সম্প্রতি কালে, এই বহুতা বা বৈচিত্র্য বিশদভাবে গ্রাহ্য হয়েছে। স্কুল নেতৃত্বের কাছে এখন আশা করা হচ্ছে যে, তাঁদের কর্মী ও শিক্ষার্থীরা বৈচিত্র্যকে বিদ্যালয়ের এবং ক্লাসের একটি শেখার সম্পদ হিসেবে বিবেচনা করবে। আবার, আশা করা হচ্ছে যে, সামাজিক পুঁজি, পরিকাঠামো, পাঠক্রম নিবেশ এবং সুযোগ-সুবিধা উন্নয়নের অপরিহার্য প্রথম পদক্ষেপ হিসেবে তাঁরা তাঁদের শিক্ষার্থী ও অভিভাবকদের বিশদ বিবরণ সংগ্রহ করবেন।

স্কুলের বৈচিত্র্যের পরিসীমা সম্বন্ধে স্পষ্ট ও উন্নত বোধ তৈরির মূল মন্ত্র হল তথ্যের ব্যবহার করা। বৈচিত্র্যের তথ্য বিদ্যালয়ের নেতৃত্বকে সাহায্য করে:

- জটিল ক্ষেত্র ও বিষয়গুলি চিহ্নিত করতে
- বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির (SMC) সঙ্গে যৌথভাবে একটি কর্ম পরিকল্পনা করতে
- অন্যান্য শিক্ষক এবং স্থানীয় সম্প্রদায়ের সাথে মিলিত হয়ে কর্ম পরিকল্পনা বাস্তবায়ন করতে
- পরিবর্তনের প্রভাব নিরীক্ষণ এবং পরিমাপ করতে, যা থেকে বিদ্যালয়ের উন্নতমানের শিক্ষাদান ও শিখনের সমতা নিশ্চিত করা যায়।

এই বিভাগে আপনি আপনার বিদ্যালয়ের প্রসঙ্গে স্থানীয় আর্থ-সামাজিক, সাংস্কৃতিক ও ভাষাতত্ত্ব সংক্রান্ত বিষয়ে শিখবেন। আপনি, আপনার শিক্ষক, অভিভাবক, শিক্ষার্থী এবং কর্মীরা যে বৈচিত্র্য সম্বন্ধে সচেতন, বিষয়টি বোঝেন আর মূল্য দেন তা নিশ্চিত করতে এবং শিক্ষার্থীদের শিক্ষার ফলাফলের উপর এর প্রভাব কী, তা জানতে আপনাকে তথ্য সংগ্রহ ও ব্যবহারের দিকটিও দেখতে হবে বিদ্যালয়ে *প্রচার বিভাগের* অন্তর্ভুক্তি ভবিষ্যতে গুরুত্বপূর্ণ বিষয়ে আবার আপনাকে নেতৃত্ব দিতে সাহায্য করবে।

## লার্নিং ডায়েরী বা শিক্ষালাভের রোজনামচা

এই ইউনিটটির উপর কাজ করাকালীন, আপনার শিক্ষালাভের রোজনামচাতে আপনাকে লিখতে বলা হবে, যেটা কোন বই বা ফোল্ডার হতে পারে যেখানে আপনি আপনার ভাবনা-চিন্তা ও পরিকল্পনা এক জায়গায় নথিভুক্ত করবেন। হয়ত আপনি এর মধ্যেই এটা শুরু করে দিয়েছেন।

আপনি এই ইউনিটটিতে হয়ত একাই কাজ করছেন, কিন্তু যদি আপনি আরেকজন বিদ্যালয় নেতৃত্বের সাথে আপনার শিক্ষা গ্রহণ সম্বন্ধে আলোচনা করতে পারেন, তাহলে আপনি অনেক বেশী শিখতে পারবেন। তিনি আপনার সহযোগী হতে পারেন, যার সাথে আগেও একসাথে কাজ করেছেন অথবা এমন কেউ যার সাথে আপনি নতুন করে কাজ শুরু করতে পারেন। এটা আনুষ্ঠানিকভাবে হতে পারে বা সাধারণ ঘরোয়া আলাপ-আলোচনার মাধ্যমে। আপনার শিক্ষালাভের ডায়েরিতে আপনি যা লিখে রাখবেন তা এই ধরণের সাক্ষাৎকারে কাজে লাগবে, সাথে সাথে আরো দীর্ঘমেয়াদী শেখা ও উন্নতির খসড়াও তৈরি হয়ে যাবে।

# বিদ্যালয় নেতৃত্বেরা এই ইউনিট থেকে কী শিখতে পারবেন

- সমস্ত শিক্ষার্থী যাতে প্রতি বছর সর্বাধিক শিক্ষা গ্রহণ করতে পারে এটা নিশ্চিত করতে বৈচিত্র্যের গুরুত্ব
- তথ্যের প্রকার ও তথ্য সংগ্রহের প্রকৃতি, যা পরে বিদ্যালয়ে বৈচিত্র্যের কারণজনিত সমস্যা বুঝতে আর সামলাতে আপনাকে সাহায্য করবে
- শিক্ষার্থীদের শিক্ষার পদ্ধতি উন্নত করতে আর কর্ম পরিকল্পনা তৈরি করতে সংগৃহীত তথ্য ব্যবহার করা।

- সকল শিক্ষার্থীর আরো ভাল ফলাফল নিশ্চিত করতে, বৈচিত্র্যের উপর তথ্য সংগ্রহ, বিশ্লেষণ আর ব্যবহার করার জন্য শিক্ষক ও স্থানীয় সম্প্রদায়কে নেতৃত্ব দিতে।

# 1 বৈচিত্র্য বিষয়ক সমস্যা আলোচনার গুরুত্ব



**চিত্র 1** বৈচিত্র্য প্রতিটি বিদ্যালয়েই রয়েছে।

পরপর সরকারগুলি বৈচিত্র্যকে সাদরে গ্রহণকারী একটি সর্বব্যাপী সমাজ তৈরিতে শিক্ষার মূল ভূমিকা শনাক্ত করেছে। বিদ্যালয়ের একজন প্রধান হিসাবে আপনাকে আপনার বিদ্যালয়ের মধ্যে বিদ্যমান বৈচিত্র্য চিহ্নিত করতে হবে আর এই বৈচিত্র্যকে শিক্ষার সম্পদ আর সুযোগ হিসাবে কীভাবে ব্যবহার করা যায় জানতে হবে। আপনাকে আরও বুঝতে হবে কোথায় বৈচিত্র্য শিক্ষার ক্ষেত্রে বাধা হয়ে উঠছে আর শিক্ষার্থীদের আরো ভাল ফলাফলের জন্য উপায় বের করতে হবে।

পরবর্তী অংশ NCF(2005, পৃ.)-এর সারাংশ 9) অন্তর্ভুক্তকারী সুশিক্ষার প্রয়োজনীয়তা এবং পক্ষপাতশূন্যতার সাথে তার সম্পর্ক যুক্তিসহ ব্যাখ্যা কর।

> শিক্ষা ব্যবস্থা, যা সমাজের একটি অঙ্গ, সমাজ থেকে বিচ্ছিন্ন হয়ে কাজ করতে পারে না। বর্ণ বিভেদ, অর্থনৈতিক অবস্থা এবং লিঙ্গ বৈষম্য, সাংস্কৃতিক বৈচিত্র্য এমন কি অসম অর্থনৈতিক উন্নয়ন, যা ভারতীয় সমাজের প্রকারভেদের জন্য দায়ী, শিক্ষার এবং শিশুদের বিদ্যালয়ে যাওয়ার সুযোগকেও গভীরভাবে প্রভাবিত করে। বিভিন্ন সামাজিক ও অর্থনৈতিক স্তরের মধ্যে বৈষম্যের স্পষ্ট প্রতিফলন দেখা যায় বিদ্যালয়ে ভর্তি ও শিক্ষা সমাপনের হার থেকে। সুতরাং, গ্রামের ও শহরের গরীব তফসিলি জাতি ও উপজাতির এবং ধর্মীয় অনগ্রসর সম্প্রদায়ের এবং অন্যান্য সংখ্যালঘু জাতির মেয়েরা শিক্ষাগতভাবে সবচেয়ে পিছিয়ে। শহরে এবং বহু গ্রামে, বিদ্যালয় ব্যবস্থাই শ্রেণিসচেতন এবং লক্ষণীয়ভাবে শিশুদের ভিন্ন শিক্ষাসংক্রান্ত অভিজ্ঞতা প্রদান করে থাকে। লিঙ্গ বৈষম্য শুধুমাত্র ক্ষমতা সংক্রান্ত সমস্যাই সৃষ্টি করে না, এটি উদ্বেগ তৈরি করে এবং ছেলে ও মেয়ে উভয়ের পূর্ণ মানবিক উন্নতির স্বাধীনতাকে খর্ব করে। সবার স্বার্থে এই বিদ্যমান লিঙ্গ বৈষম্য থেকে মানুষকে মুক্ত করা প্রয়োজন।

প্রয়োজনীয় শিক্ষার এবং প্রত্যেকের চাহিদা পূরণের উপযুক্ত ব্যবস্থা নিশ্চিত করতে প্রতি বিদ্যালয় প্রধান একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। NCF ও RtE, যেখানে বিদ্যালয়কে *শিক্ষা সম্প্রদায়* হিসাবে ব্যাখ্যা করা হয়েছে, তার মতবাদ অনুযায়ী বিদ্যালয় প্রধানের বিদ্যালয়ের সামাজিক প্রেক্ষাপট প্রসঙ্গে সঠিক জ্ঞান ও অভিজ্ঞতা থাকা প্রয়োজন। NCSL জাতীয় কর্মসূচী ডিজাইন ও ফ্রেমওয়ার্ক 2014 –এ বিষয়টি আরও বিস্তারিত ভাবে আলোচিত হয়েছে, সেখানে বিদ্যালয় নেতৃত্বদের, *উপজাতি, ছোটো মাল্টি-গ্রেড বিদ্যালয়, বিতর্কিত জায়গার বিদ্যালয় ও ভৌগোলিক অবস্থানের কাঠিন্য – এ চারটি বিশেষ ক্ষেত্র চর্চা করার* সুযোগ প্রদান করা হয়েছে।

## ভিডিও: বিদ্যালয় নেতৃত্ব – অন্তর্ভুক্তি

## অ্যাক্টিভিটি 1: আপনার বিদ্যালয়ের বিভিন্নতা

গত সপ্তাহে আপনার বৈচিত্র্য বা বিদ্যালয়ের পরিবেশে বিভেদের অভিজ্ঞতা সম্পর্কে আপনার শিক্ষা দিনলিপিতে পাঁচটি বাক্য লিখে রাখুন। উদাহরণস্বরূপ, আপনি হয়ত বিভিন্ন ভাষায় কথা বলা শুনেছেন, ছাত্রদেরকে ছাত্রীদের থেকে বেশি গুরুত্ব পেতে দেখেছেন, বিভিন্ন শিক্ষার্থীদের 'ধর্মীয় চর্চা অবলোকন করেছেন, অথবা হুইলচেয়ারে বসা একটি শিক্ষার্থীকে সহায়তায় করেছেন।

সাহায্যের জন্য, আপনি শুরুতে বিশেষভাবে উল্লিখিত বিভিন্ন বৈচিত্র্য - জাতি, বর্ণ, লিঙ্গ, ভাষা, ধর্ম, শ্রেণি, মত, সম্প্রদায়, সামাজিক গোষ্ঠী, অর্থনৈতিক অবস্থা, শিক্ষাগত মান, ক্ষমতা, স্বাস্থ্য, জীবিকা, ভৌগোলিক অবস্থান, জলবায়ু এবং রাজনৈতিক মতবাদে দেখতে পারেন।

আপনাকে প্রকৃত পার্থক্যগুলো সঠিকভাবে লক্ষ্য করতে হলে সচেতন থাকতে হবে। এই পার্থক্য কোন সমস্যার কারণ  কি কারণ নয় এইস্তরে আপনার তা ভাবার দরকার নেই। আপনাকে শুধু লক্ষ্য করতে হবে আচরণ, চেহারা, ক্ষমতা, সুযোগ বা আগ্রহে কোন পরিবর্তন আছে কিনা।

**আলোচনা করা**

এটি খুব ব্যক্তিগত উত্তর হবে। কিছু অসদৃশতায় আপনি বেশি সতর্ক হবেন এবং একজন সহকর্মীর সাথে একই অনুশীলন করা ও নোট মিলিয়ে দেখাটা আকর্ষণীয় হবে, কারণ এতে আপনি বিভিন্ন পার্থক্য চিহ্নিত করতে পারবেন। বৈচিত্র্যের বিভিন্ন মাত্রা রয়েছে এবং প্রতিটি বিদ্যালয়ের ভিন্ন দৃষ্টিকোণ দ্বারা প্রভাবিত হয়। বিদ্যালয় নেতৃত্বের প্রয়োজন:

- তাদের কর্মী ও শিক্ষার্থীদের মধ্যে বৈচিত্র্যকে চেনা
- বৈষম্য এড়াতে ব্যবস্থা গ্রহণ করা
- সামাজিক (বৃহত্তর সম্প্রদায়ের এবং দেশের স্বার্থে) এবং শিক্ষাগত (সকল শিক্ষার্থীর সম্ভাব্য উন্নতি নিশ্চিত করতে) উভয় ক্ষেত্রেই বৈচিত্র্যকে ইতিবাচক ভাবে গ্রহণ ও ব্যবহার করা।

## অ্যাক্টিভিটি 2: সাফল্য আর উচ্চাকাঙ্ক্ষার প্রেক্ষাপটকে বোঝা

কীভাবে আপনার বিদ্যালয়ের সামাজিক প্রসঙ্গ শিক্ষার্থীদের তালিকাভুক্তি, শিক্ষা এবং অবদানকে প্রভাবিত করে ভাবনাচিন্তা করুন। কি রকম ধারা আর বৈশিষ্ট্য আপনি লক্ষ্য করেছেন? বৈচিত্র্যের কোন মূল সমস্যাগুলি এই প্রসঙ্গে উল্লেখ করতে চান?

নিচের প্রশ্নগুলি আপনার শিক্ষার্থীদের সামাজিক প্রসঙ্গ এবং তা কীভাবে তাদের শিক্ষা আর উচ্চাশার উপর প্রভাব ফেলে সেই সম্পর্কিত। আপনার শিক্ষা দিনলিপিতে উত্তরগুলি লিখে রাখুন। আপনি হয়তো কিছু অন্য প্রশ্ন সংযোজন বা বাতিল করতে চাইবেন যেগুলি আপনার বিষয়ের সঙ্গে বিশেষভাবে প্রাসঙ্গিক। আপনি হয়ত নিজেকে এই ধরনের প্রশ্ন করবেন।

- আপনার কোন শিক্ষার্থী কি উচ্চশিক্ষার জন্য চেষ্টা করে? কতজন তাদের পছন্দের কলেজে পড়তে পায়? সেই সফল শিক্ষার্থীরা কারা?
- কোন কৃতী শিক্ষার্থীরা উচ্চ শিক্ষার জন্য যায় না? কেন?
- কোন শিক্ষার্থীরা মাধ্যমিক বিদ্যালয় পর্যন্ত পড়তে চায়? কোন শিক্ষার্থীদের প্রাথমিক স্তরের উপরের শিক্ষা বিষয়ে ধারণা অস্পষ্ট ?
- আপনার বিদ্যালয়ের কতজন শিক্ষার্থী দীর্ঘমেয়াদী কর্মজীবন বা পেশায় নিযুক্ত হতে চায়?
- শিক্ষার্থীরা তাদের বর্তমান সামাজিক স্থিতির থেকে কতটা উন্নত জীবন গড়ার অভিলাষ রাখে? এরা কোন কোন শিক্ষার্থী এবং অন্যরা না রাখলেও তারা এই উচ্চাশা কেন রাখে ?
- শিক্ষার্থীদের বিদ্যালয়ে কম উপস্থিতি কতটা তাদের কম আকাঙ্ক্ষার জন্য দায়ী? এর একটি কি অন্যটির কারণ নাকি কোনো কম উপস্থিতির শিক্ষার্থী আছে যারা ব্যগ্র শিক্ষার্থী?
- শিক্ষার্থীদের ভাষার দক্ষতা, তাদের শিক্ষা ও দীর্ঘমেয়াদী আকাঙ্ক্ষার উপর কেমন প্রভাব ফেলে?

**আলোচনা করা**

আপনি কি আপনার কোন প্রশ্নতে বিস্মিত? আপনি কি বুঝতে পারছেন আপনি সম্ভবতঃ আপনার নিজস্ব অনুভব বা সাধারণ পর্যবেক্ষণের ভিত্তিতে উত্তর দিচ্ছিলেন? আপনি সম্ভবতঃ বুঝতে পারবেন যে আপনার বিষয় শনাক্তকরণ সুনিশ্চিত করতে আরও প্রমাণ ও প্রমাণিত তথ্য প্রয়োজন। আপনি কোন ব্যবস্থা নেওয়ার আগে, আপনি ঠিকভাবে বিষয়টি শনাক্ত করেছেন কিনা এবং এটি আপনার বিদ্যালয়ের সংগঠনে কতটা প্রভাব ফেলবে তা যাচাই করে নেওয়া ভাল। শিক্ষক, শিক্ষার্থী, স্থানীয় সম্প্রদায়ের সদস্য, SMC আর অভিভাবকদের বিভিন্ন বিষয়ে মনোভাব ও বিশ্বাস বোঝা আর উপলব্ধি করা সমানভাবে জরুরি।

তার জন্য প্রয়োজন তথ্য সংগ্রহের, যাতে আপনার প্রাথমিক প্রতিক্রিয়াকে সমর্থন করতে এবং পরিবর্তনের পক্ষে যুক্তি দিতে পারেন। এছাড়াও এই ধরনের তথ্য সংগ্রহ আপনাকে একটি ভিত দেবে, যার পরিপ্রেক্ষিতে আপনি শিক্ষার যে কোন প্রভাব নিরীক্ষণ বা পরিমাপ করতে পারবেন।

## অ্যাক্টিভিটি 3: বিদ্যালয়ের মধ্যে বৈচিত্র্যের পরিমাপ

বিদ্যালয়ে ভর্তি হওয়া শিক্ষার্থীদের অভিজ্ঞতা ও সঙ্গতি বিভিন্ন। এটা অবশ্যই সরাসরি ও পরোক্ষভাবে তাদের শিক্ষার ফলাফলে প্রভাব ফেলবে, আর প্রারম্ভিকভাবে আপনাকে বিদ্যালয়ের মধ্যে প্রকৃত বৈচিত্র্যের পরিমাপ করতে হবে।



**চিত্র 2** বৈচিত্র্যের পরিমাপ।

নীচের 1 নং তালিকার মত তালিকা তৈরি করে, আপনার কাছে উপলব্ধ তথ্যের সাহায্যে যতটা সম্ভব সম্পূর্ণ করুন। বাম দিকের সারিতে, আপনি কারণের একটি তালিকা পাবেন যেটা আপনার শিক্ষার্থীদের শিক্ষায় অংশগ্রহণকে প্রভাবিত করছে। আপনার শিক্ষার্থীদের ভাষা আর ধর্মের ব্যাপ্তি প্রকাশ করতে আপনার এই বিভাগগুলিকে আবারও বিভক্ত করার দরকার পরবে।

কীভাবে এই এক একটি কারণ আপনার বিদ্যালয় সংগঠনে প্রভাব ফেলে তা ভাবুন এবং ছকের নির্দিষ্ট জায়গায় লিখে রাখুন। সব বিভাগের তথ্য হয়ত আপনার কাছে থাকবে না। যে তথ্যগুলো নেই সেইগুলির কথা আপনার শিক্ষা দিনলিপিতে লিখে রাখুন এবং সম্ভবপর জায়গায় একটা আনুমানিক হিসাব করে রাখার চেষ্টা করুন। প্রায়শই আসল পরিসংখ্যান অনুমানের থেকে অনেক আলাদা হয়, তাই আনুমানিক তথ্যের উপর আরও তত্বানুসন্ধান না করে আপনি কখনই উপসংহার টানবেন না।

***তালিকা 1*** *বিদ্যালয়ের মধ্যে বৈচিত্র্যের পরিমাপ করে।*

| **কারণ** | **তথ্য** | **শিক্ষার উপর সম্ভাব্য বা প্রমাণিত প্রভাব** |
|---|---|---|
| ছাত্র:ছাত্রী অনুপাত | | |
| নিম্ন আর্থ-সামাজিক শ্রেণি | | |
| উচ্চ আর্থ-সামাজিক শ্রেণি | | |
| বাড়ির কথ্য ভাষা | | |
| পরিচিত ভাষায় শেখানো সংখ্যা | | |
| শেখার অক্ষমতা | | |

| | | |
|---|---|---|
| শারীরিক অক্ষমতা | | |
| বিদ্যালয়ের দূরত্ব | | |
| ধর্মীয় অন্তর্ভুক্তি | | |
| স্বাস্থ্য সমস্যা | | |
| অন্যান্য | | |

তালিকার যে সব তথ্য আপনাকে বিস্মিত বা চিন্তিত করেছে এবং আপনার মনে যেসব প্রশ্ন জেগেছে সেগুলি আপনার শিক্ষা দিনলিপিতে লিখে রাখুন

**আলোচনা করা**

এই কার্যকলাপে আপনি আপনার বিদ্যালয় সম্পর্কে কতটা সচেতন সেটা স্পষ্ট হবে এবং অবশ্যই বাকি বিষয়গুলি আপনাকে খুঁজে বের করতে উৎসাহিত করবে। আপনি হয়ত লক্ষ্য করেছেন যে আপনি আগে বুঝতে পারেননি বা আপনি কিছু ধারণা করেছিলেন এমন ক্ষেত্রে বৈষম্য আছে। আপনি হয়ত এটাও বুঝেছেন যে আপনার বিদ্যালয় সংগঠনের মধ্যে এমন অনেক বিষয় আছে, যেদিকে আপনার দৃষ্টিপাত করা ও তথ্য সংগ্রহ করা উচিত।

আপনি হয়ত অনুভব করেছেন যে অনেক তথ্য আছে যা আপনি সঠিকভাবে জানেন না, কিন্তু কীভাবে সেই তথ্য শনাক্ত করতে হবে বুঝতে পারছেন। এটা স্বাভাবিক, বিশেষতঃ যদি এই সবগুলো আপনার জন্য নতুন হয় আর আপনি আপনার এই তথ্য ব্যবহারের ক্ষমতা নিয়ে চিন্তিত থাকেন। আপনি এগিয়ে চললে সময়ের সাথে সাথে আপনার নিজের উপর ভরসা বাড়তে থাকবে। আপনি আপনার উদ্দেশ্যে স্থির থাকুন: আপনার প্রতিটি শিক্ষার্থীর জীবনে পরিবর্তন আনার সুযোগ দেওয়া।

এবার আপনার পড়ার ও চিন্তা ভাবনার জন্য একটা কেস স্টাডি হল, এর বিশেষ লক্ষণীয় বিষয় হল কীভাবে একজন বিদ্যালয়ের প্রধান বিদ্যালয় সম্পর্কে তার সংগৃহীত তথ্য ব্যবহার করে তার বিদ্যালয়ের মহিলা শিক্ষার্থীদের সাফল্যে প্রভাব ফেলেছেন। এটা হস্তশিল্প সম্প্রদায়ের অঞ্চলের একটি বিদ্যালয়ের একজন অত্যন্ত সম্মানিত প্রধানের কথা, যিনি শিক্ষার্থীদের সম্বন্ধে তাঁর জ্ঞান ব্যবহার করে শিক্ষার্থীদের শেখাকে উন্নত করেছেন।

## কেস স্টাডি 1: মিসেস কুমারের প্রত্যাবর্তন

*এই কেস স্টাডির বিবরণ শিক্ষা কর্মকর্তার তার সহকর্মীকে লেখা একটি পত্র থেকে নেওয়া।*

মিসেস কুমার তাঁর বিদ্যালয়ের প্রতিটি শিক্ষার্থীকে চেনেন এবং কার তাঁর সহায়তার দরকার ও কীভাবে তাঁদের সম্পূর্ণ শিক্ষা নিশ্চিত করতে হয় তা তিনি জানেন। তাঁর শিক্ষার্থীদের সাফল্য নিরীক্ষণ করে মিসেস কুমার দেখেছেন যে তার বিদ্যালয়ে নিম্ন আর্থ সামাজিক শ্রেণির শিক্ষার্থীদের ফলাফল সবথেকে খারাপ। অতএব, তাদের উচ্চাকাঙ্খা তৈরি করতে ও সাফল্য বাড়াতে তাদের প্রয়োজনকে অগ্রাধিকার দেওয়ার যথাসাধ্য চেষ্টা তিনি করেন।

জন্মদিন উদযাপনের জন্য অর্থ অপচয় না করে, আর্থিকভাবে পিছিয়ে পরা শিক্ষার্থীদের শিক্ষার জন্য সহায়তা দিতে তিনি SMC কে বোঝাতে সক্ষম হয়েছেন। যেসব শিক্ষার্থীদের পরিবার তাদের জন্য গরম জামা কিনতে পারেনা, তাদের জন্য তিনি প্রতি শীতে পাঁচটা করে গরম জামা দিতে তাঁর কর্মচারীদের রাজি করিয়েছেন। তিনি শিক্ষকদের পরিবারকে বুঝিয়েছেন শিক্ষার্থীদের তাদের পারিবারিক অনুষ্ঠানে আমন্ত্রণ করার জন্য, যেখানে তারা হাতে মেহেন্দি লাগাবে, যা তারা স্বাভাবিকভাবেই ভাল পারে, আর এভাবে তারা তাদের প্রয়োজনীয় হাত খরচা জোগাড় করতে পারবে।

তাদের শিক্ষার্থীরা বাড়ি থেকে শহরের স্যাটেলাইট ট্রান্সমিশন কেন্দ্রে যেতে অনুমতি পায় না, তাই তাঁর বিদ্যালয়ের শিক্ষকেরা সম্প্রতি স্থানীয় শিক্ষা কর্মকর্তাকে বিদ্যালয়ের ছাদে একটি স্যাটেলাইট ডিশ লাগাতে রাজি করাতে পেরেছেন। শিক্ষার্থীরা যে অডিও-ভিজুয়ালগুলি

বিদ্যালয়ে পায় তার নির্দেশিকাতে কোন সাংস্কৃতিক রীতির স্পর্শ তাঁরা চান না।

আজকের দিনে, তাঁর প্রাক্তন শিক্ষার্থীরা শহরের কলেজে পড়ছে, তার মধ্যে কিছু রয়েছে সহশিক্ষামূলক কলেজ। তিনি নিশ্চিত যে তাঁর শিক্ষকরা প্রতিটি শিশুর আলাদাভাবে খেয়াল রাখেন ও তাদের নিজস্ব বিশেষ ক্ষমতাকে চেনেন। অনুপস্থিতির হার কম, স্কুল ছেড়ে দেওয়ার খবর কার্যত শূন্য, সবচেয়ে প্রিয় শ্রেণিকক্ষ বিজ্ঞান প্রদর্শনী ঘর ও কর্ম বিজ্ঞান পরীক্ষাগার, এবং শ্রেণিকক্ষে প্রযুক্তির ব্যবহার প্রায় অন্যান্য সমস্ত সরকারী বিদ্যালয় থেকে বেশী।

মিসেস কুমার প্রতিটি শিক্ষার্থীর পরিবারকে চেনেন আর যেকোন দরকারে সাহায্যের হাত বাড়িয়ে দেন, কিন্তু ব্যক্তিগত ও পারিবারিক স্বাস্থ্যের মান বাড়াতে তার প্রচেষ্টায় তাদের সহায়তা দাবী করেন। শিক্ষার্থীদের মায়েদের জন্য চিকিৎসার শিবিরের আয়োজন করা হয়।

বিদ্যালয় নোটিশবোর্ডে প্রকাশিত তাঁর কবিতাগুলি মৌলিক ও আবেগপূর্ণ, এইগুলি তাঁর শিক্ষকদের পরিবর্তনের পথ প্রদর্শন করতে প্রণোদিত করে। তাঁর 'বিদ্যালয় পরিবারের' যে ভালবাসা তিনি পান তার সবটুকু তিনি পাওয়ার যোগ্য।

### অ্যাক্টিভিটি 4: মিসেস কুমারের বিদ্যালয় প্রসঙ্গ

মিসেস কুমার একজন খুব উৎসাহী ও নিয়জিত বিদ্যালয় প্রধান যিনি তাঁর বিদ্যালয়ের সম্বন্ধে ভালভাবে অবগত। নীচের প্রশ্নগুলির উত্তর আপনার শিক্ষা দিনলিপিতে লিখে রাখুন।

- কীভাবে মিসেস কুমার তাঁর বিদ্যালয়ের বিষয়ে অবগত থাকেন?
- কোন তথ্যটি আপনার মনে হয় তাঁকে তাঁর শিক্ষার্থীদের ফলাফলে উন্নতি আনতে সাহায্য করছে?
- শিক্ষার্থীদের শিক্ষা ও সাফল্যে তাঁর নেতৃত্বের প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাব কী?

**আলোচনা করা**

মিসেস কুমার তাঁর শিক্ষার্থীদের ব্যাপারে প্রকৃতই আগ্রহী এবং আলোচনা মাধ্যমে ও শিক্ষার্থী আর তাদের অভিভাবকদের সাথে মিশে, তাদের পরিবার ও সম্প্রদায়কে বোঝার চেষ্টা করেছেন। তিনি সম্ভবত তাঁর কর্মীদের শিক্ষার্থীদের সম্বন্ধে প্রথম থেকেই তথ্য সংগ্রহ করতে নিযুক্ত করেছেন এবং তাঁর সকল শিক্ষার্থীকে শিক্ষার সুযোগ দেওয়া ও তাদের উচ্চাশা জাগানোর লক্ষ্যেও অব্যাহতভাবে তা করে যাচ্ছেন। এই তথ্যের অর্থ হল তিনি উপগ্রহ ডিশের জন্য সমর্থন সংগ্রহে সক্ষম হয়েছিলেন। কীভাবে সকলের সহযোগে শিক্ষার্থীদের মধ্যে পরিবর্তন আনা যায় সেটা তাঁরা নিশ্চয়ই দলগত ভাবে আলোচনা করেছিলেন।

শিক্ষার্থীদের শিক্ষার ব্যাপারে ভাবতে গেলে, প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাবের বিষয়ে ভাবা দরকার। কেস স্টাডি 1-এ আপনি হয়ত কম উপস্থিতির, শ্রেণিকক্ষে ব্যবহৃত প্রযুক্তির ও উন্নত বৈজ্ঞানিক সরঞ্জামের ব্যবহারের সরাসরি প্রভাব প্রত্যক্ষ করেছেন। শিক্ষার্থীদের সার্বিক কল্যাণের সাথে পরোক্ষ প্রভাব জড়িয়ে আছে, যাতে তাদের এমন পরিবেশ ও সংগঠন প্রদান করা যায় যেখানে তারা সবাই পড়তে পারবে।

এটি দৈবক্রমে নয়। শিক্ষার্থীদের শিক্ষার উপর সবথেকে বেশী প্রভাবযুক্ত পরিবর্তন প্ররোচিত করার জন্য সেই বাধাগুলি বুঝতে পারা জরুরি যা আপনার বিদ্যালয়ের শিক্ষার্থীদের কাছে সবচেয়ে বেশী অসুবিধার কারণ, আর সেই সব সুযোগ যা থাকলেও কম ব্যবহৃত হয়। তথ্য সংগ্রহ ও বিশ্লেষণের উপর ভিত্তি করে আপনি কীভাবে, একজন বিদ্যালয় প্রধান হিসাবে, সেই বাধা আর সুযোগগুলো চিহ্নিত করবেন।

# 2 সার্বিক শিক্ষা উন্নয়নের জন্য তথ্যের ব্যবহার

বিদ্যালয় সংগঠনের মধ্যে বৈচিত্র্যের তথ্য সংগ্রহের একটি স্পষ্ট উদ্দেশ্য আছে: সকল শিক্ষার্থীদের শিক্ষা ও সাফল্যের উন্নয়ন করা। এই রকম কিছু তথ্য সংগ্রহ ও বিশ্লেষণের জন্য, সংগৃহীত তথ্য বিদ্যালয় সম্বন্ধে কী বলছে ও উপস্থিত শিক্ষার্থীদের বিভিন্ন অভিজ্ঞতা সম্বন্ধে আলোচনায় উৎসাহিত করার জন্য বিদ্যালয় প্রধানের বিদ্যালয় সম্প্রদায়ের সাথে মিলিতভাবে পরিকল্পনা, সংগ্রহ, বিশ্লেষণ ও তথ্য উপস্থাপন করা প্রয়োজন। তথ্যের সহযোগিতামূলক ব্যবহার গুরুত্বপূর্ণ যাতে জনগোষ্ঠীর সকল সদস্য জনগোষ্ঠীর বিভিন্ন

সম্প্রদায়ের মধ্যে শিক্ষাগত যে সম্ভাব্য বাধাগুলি আছে সেগুলি এবং সেই সঙ্গে বৈচিত্র্যময় জনগোষ্ঠী থেকে শিক্ষার বিকাশের যে সুযোগ তৈরি হয় সেগুলো নিশ্চিত ভাবে বুঝতে পারে। এই বিষয়ে পরে এই বিভাগে আলোচনা করা হবে।

যাহোক, কৌশলগত ও দীর্ঘমেয়াদী তথ্যের, বিশেষ করে উপস্থিতি ও শিক্ষার তথ্যের, ব্যবহার বিদ্যালয় নেতৃত্বের উপর নির্ভরশীল। প্রত্যেক শিক্ষককে তাঁদের ক্লাসের উপস্থিতির হার ও শেখার আগ্রহের পরিস্থিতিকে বুঝতে হবে এবং শিক্ষার্থীদের সঠিক শিক্ষা নিশ্চিত করতে ব্যক্তিগত বা দলগত কৌশল নির্ধারণ করতে হবে, শিক্ষার্থীদের উপস্থিতি ও শিক্ষার উপর প্রভাবকারী কারণগুলি বুঝতে বিদ্যালয় নেতৃত্বকে উপস্থিতি ও শিক্ষার বিস্তারিত বিশ্লেষণ করতে হবে।

## অ্যাক্টিভিটি 5: আপনার তথ্যের বিশ্লেষণ

আপনার বিদ্যালয়ের শিক্ষার্থীদের উপস্থিতি ও শিক্ষার যে তথ্য আপনি পেতে পারেন সেগুলির কথা ভাবুন। শিক্ষার্থীদের শিক্ষার ফলাফলের উপর প্রভাবকারী কারণগুলি (উদাহরণস্বরূপ, ছাত্র ও ছাত্রীদের বিভিন্ন বিষয়ে শিক্ষার হার) বুঝতে সম্ভাব্য (বা ব্যবহৃত) তথ্যের বিশ্লেষণের পদ্ধতি সময় করে লিখে রাখুন।

আপনি হয়ত লিঙ্গ, অক্ষমতা এবং ধর্মের বিভেদ নিয়ে চিন্তা করেছেন, কিন্তু আরও অনেক কারণ আছে যা আপনার বিদ্যালয় কম সাফল্যকে কতটা গুরুত্ব দেয় তার ভিত্তিতে আপনি খুঁজতে পারেন। এটা শুরুতে আলোচিত যেকোন কারণ হতে পারে।

এই তথ্য প্রাথমিকভাবে বিদ্যালয়ের উপস্থিতি ও শিক্ষাকে প্রভাবিত করতে পারে এমন নানান কারণের একটি ভিত্তিরেখা (বেসলাইন) দেবে। আপনার সংগৃহীত বিভিন্ন তথ্য সংকলনগুলির মধ্যে পারস্পরিক নির্ভরতা (যেমন, অপুষ্টি ও কিছু বিশেষ উপজাতির শিক্ষার্থীদের) আছে কিনা তা নির্ধারণ করতে এই তথ্যের আরো গূঢ় বিশ্লেষণ প্রয়োজন। বাবা মায়ের সঙ্গে কোন বিশেষ কাজ (যেমন চাষের সময়, অর্থাৎ কিছু শিক্ষার্থী আসা বন্ধ করবে) সম্বন্ধে সিদ্ধান্ত জ্ঞাপক আরো অন্য প্রয়োজনীয় তথ্য থাকতে পারে। এইভাবে, কে শিক্ষায় অংশ নিচ্ছে আর কে নিচ্ছে না, তা তথ্য দেখে নির্ধারণ করা যেতে পারে।

যখন শিক্ষার্থীদের নিজস্ব-নথি (প্রোফাইল) সরাসরি উপস্থিতি ও শিক্ষা সম্বন্ধীয় তথ্যের সাথে যুক্ত থাকে, তখন কিছু শিক্ষার্থীগোষ্ঠীর অপেক্ষাকৃত ভাল ফলাফলের জন্য বিদ্যালয় প্রধান নির্দিষ্ট কর্ম পরিকল্পনা তৈরি করতে পারেন। এইভাবে গুরুত্বপূর্ণ বিষয়ে তথ্য প্রমাণ সরবরাহ করতে পারে।

## অ্যাক্টিভিটি 6: আপনার তথ্য বিশ্লেষণ ব্যবহার করা

আপনার সাফল্যের তথ্য ব্যবহার করে (সম্ভবতঃ পরীক্ষার ফল) একটি গুণ নির্ধারণ করুন যা আপনি মনে করেন লক্ষণীয় কোন বিষয়কে (যেমন বিজ্ঞান শিক্ষায় লিঙ্গ বৈষম্য) প্রকাশ করবে। তথ্য সংগ্রহ ও ফলাফল বিশ্লেষণে সময় দিন।

সম্পদ- 1 এর এক প্রস্থ কর্ম পরিকল্পনা সম্পন্ন করতে, আপনার করা তথ্য বিশ্লেষণ ব্যবহার করে নীচের সঙ্কেত মূলক প্রশ্নগুলোর উত্তর দিন। তালিকা-2 এ একটি উদাহরণ দেখান হল।

- আপনার বিদ্যালয়ের শিক্ষার্থীদের শিক্ষার বিষয়ে আপনার নির্ধারিত কারণের ব্যাপারে তথ্য কী বলে?
- এক্ষেত্রে শিক্ষার্থীর শিক্ষার সমস্যায় কিসের অবদান আছে বলে আপনি সন্দেহ করেন?
- এই বিষয়টির অন্য বিষয়ের আঙ্গিকে বিশ্লেষণ করার জন্য অন্য কোন তথ্যগুলি কাজে লাগতে পারে শনাক্ত করুন। উদাহরণস্বরূপ, সেই মহিলা শিক্ষার্থীদের শনাক্তকরণ যারা তাদের আর্থ সামাজিক অবস্থার প্রেক্ষিতে বা গণিত শিক্ষার তুলনায় বিজ্ঞানে অপেক্ষাকৃত ভাল ফল করেছে বা যারা কোন বিশেষ শিক্ষকের কাছে পড়েছে।
- এই বিশেষ গোষ্ঠীর শিক্ষার্থীদের শিক্ষার উন্নয়নের জন্য একটি কার্য পরিকল্পনা তৈরি করতে আর কিছু কৌশল উদ্ভাবন করতে আপনি যাদের সাথে আলোচনা করতে চান তাদের শনাক্ত করুন।
- এই বিষয়গুলিতে লক্ষ্য রাখতে ও শিক্ষায় উৎকর্ষ নিশ্চিত করতে আপনার কর্তব্য নির্ধারণ করুন। দ্রষ্টব্য: এর জন্য আগামী বছরের সাফল্যের তথ্যের থেকে বেশী তথ্যের সংযোজন করা প্রয়োজন।

***তালিকা 2*** *তথ্য কর্ম পরিকল্পনায় একটি নতুন অন্তর্ভুক্তির উদাহরণ।*

| তথ্য সংগ্রহ | কারণ বিশ্লেষণ | ফলাফলের শিরোনাম | শিক্ষার উপর প্রভাব | কার্য(গুলি) | পর্যবেক্ষণ |
|---|---|---|---|---|---|
| উপস্থিতি | ফসল কাটার সময় লিঙ্গ | দুই সপ্তাহের জন্য শিক্ষার্থীদের উপস্থিতি একতৃতীয়াংশ কমে যায়<br>ছাত্রীদের উপস্থিতি কমে 10 শতাংশ | প্রতি সপ্তাহে পাঁচটি মূল বিষয়ের পাঠের ক্ষতি<br>বিজ্ঞানের মূল পরীক্ষার প্রস্তুতিতে বাধা<br>এই গোষ্ঠীর চূড়ান্ত সাফল্য নিদর্শন তথ্য প্যাটার্নের জন্য পরীক্ষা করার প্রয়োজন | বিষয়টি নিয়ে অভিজ্ঞ নেতৃত্ব দলের সাথে আলোচনা করুন আর সমস্যা নিয়ে এই বছরের পরীক্ষার্থীদের অভিভাবকদের সাথে জরুরী আলোচনার উপায় নির্ধারণ করুন – প্রতিনিধিকে কার্যভার প্রদান?<br>বিজ্ঞান বিভাগ থেকে গতবছর গুরুত্বপূর্ণ সপ্তাহে অনুপস্থিত শিক্ষার্থীদের সাফল্যের তথ্য সংগ্রহ করুন।<br>প্রত্যেক বিষয়ের প্রধানের সাথে সেই বিষয়ে শিক্ষার প্রভাব আলোচনা করুন।<br>প্রতি পরীক্ষা-বছরে, আগত চাষের সময় বিদ্যালয় পরিত্যাগ করার প্রবণতা কাদের খুব বেশী, তাদের চিহ্নিত করুন | ফসল কাটার সময় উপস্থিতির হার<br>পরীক্ষায় দলীয় সাফল্য |

আপনাকে বিভিন্নভাবে আপনার উপস্থিতি ও সাফল্যের তথ্যের বিশ্লেষণ করতে হবে আর দীর্ঘ সময় ধরে উপস্থিতির ও সাফল্যের প্যাটার্ন বোঝাতে একটা বার্ষিক পরিকল্পনা তৈরী করতে হবে। কীভাবে তথ্য বিশ্লেষণ করবেন তার পরিকল্পনার সাথে স্পষ্ট গুরুত্বপূর্ণ ক্ষেত্র নির্ধারণ করে একটি কর্ম পরিকল্পনা করতে হবে। এটা সময়ের পরিবর্তনের সাথে আপনার সংগৃহীত তথ্য আরো পরিশীলিত হয়ে উঠার সঙ্গে পরিবর্তন হতে পারে, কিন্তু আপনার কিছু শিক্ষার্থীর শিক্ষার উপর নেতিবাচক প্রভাব দীর্ঘমেয়াদী সমস্যা হতে পারে। আপনি হয়ত এগুলি ইতিমধ্যে জানেন, কিন্তু সবচেয়ে কার্যকর পদ্ধতিতে বর্ণনা নিশ্চিত করতে সতর্ক হয়ে তথ্য বিশ্লেষণ করা দরকার।

**আলোচনা করা**

এই অ্যাক্টিভিটি সমগ্র স্কুল পর্যায়ে তথ্য বিশ্লেষণ ও সমস্যা শনাক্তকরণকে দৃষ্টিগোচর করবে, আর তারপর যে বিশেষ ঘটনা বা কারণ উল্লেখিত হওয়া দরকার সেটি খুঁজে বের করবে। এই অন্তর্বর্তী খোঁজে স্প্রেডশিট পড়া আর একা কাজ করার থেকে বেশী কাজ জড়িত; সমগ্র বিদ্যালয় সংগঠনের সহযোগিতা প্রয়োজন এবং আপনার তথ্য সংগ্রহ ও বিশ্লেষণে সাহায্যে শিক্ষার্থীদের শিক্ষায় ইতিবাচক প্রভাব তৈরি করতে আপনাকে আপনার কর্মীদের (সম্ভবতঃ শিক্ষার্থী ও অভিভাবকদের) নেতৃত্ব দিতে হবে।

# 3 আপনার বিদ্যালয়ের বৈচিত্র্যের একটি সম্পূর্ণ চিত্র তৈরি করা

আপনার বিদ্যালয়ের বৈচিত্র্যকে বোঝা শুধুমাত্র সাফল্য ও উপস্থিতির তথ্যের উপর নির্ভর করে না, ভর্তির হার ও শিক্ষার্থীদের বিদ্যালয়ের অভিজ্ঞতার উপরেও নির্ভরশীল। বৈষম্যের সমস্যার মোকাবিলার জন্য, আপনাকে সকলকে অন্তর্ভুক্ত করে এক ইতিবাচক বিদ্যালয় সংস্কৃতি গড়ে তুলতে হবে যা বৈচিত্র্য আপন করে নেয়। যখন তথ্য সংগ্রহ এই লক্ষ্যের অংশ হয়, তখন আপনাকে আপনার কর্মী, শিক্ষার্থী এবং বাবা-মা কে সেই উদ্দেশ্য বা লক্ষ্য প্রদান করার মাধ্যমে আপনার প্রয়োজনীয় তথ্য সংগ্রহের জন্য অনুপ্রাণিত করতে হবে যার স্পষ্ট সুফল আছে- মানুষ সন্দেহ করতে পারে যে এই তথ্য অন্তর্ভুক্ত করার পরিবর্তে বৈষম্যমূলক আচরণ করার জন্য ব্যবহার করা হবে। এই তথ্য সংগ্রহে সংবেদনশীলতা শুধুমাত্র তার ব্যবহারের সাথে জড়িত নয়, কিন্তু তার সংরক্ষণ এবং নিরাপত্তার সাথেও সম্পর্কিত। অপব্যবহার বা অনুমতি ছাড়া আদান-প্রদান রোধ করে দায়িত্ব সহকারে সংরক্ষণের জন্য আপনার একটা প্রণালী দরকার। কীভাবে তথ্য রক্ষা করা হবে সেটা আপনাকে যারা তাদের তথ্য দিয়েছে তাদের জানাতে হবে।

## অ্যাক্টিভিটি 7: সহযোগিতামূলকভাবে তথ্য সংগ্রহ

এখন দেখা যাক সাফল্যের ব্যাপারে কোন তথ্য আপনার বিদ্যালয়ের বৈচিত্র্যের সাথে সম্পর্কিত আর আপনি কীভাবে সেটা ব্যবহার করে আপনার শিক্ষার্থীদের শিক্ষার উন্নতি করতে পারেন। নিশ্চিতভাবে সঠিক পদক্ষেপ নিতে আপনাকে আর কী জানতে হবে?

যেসব অতিরিক্ত তথ্য অবশ্যই সংগ্রহ করা উচিৎ সেগুলির জন্য 15 মিনিটের মত সময় নিন:

- আপনি, সম্পূর্ণভাবে নিজে
- আপনি এবং আপনার শিক্ষকরা
- আপনার শিক্ষকরা এবং আপনার শিক্ষার্থীরা
- SMC
- স্থানীয় সম্প্রদায় এবং পিতামাতারা।

তথ্য-সংগ্রহের ভার গ্রহণের জন্য আপনার কর্মী এবং শিক্ষার্থীদের যে তথ্য, দক্ষতা এবং জ্ঞানগুলির দরকার হবে সেগুলির তালিকা করুন। আপনার কর্মী এবং শিক্ষার্থীদের ক্ষমতা মূল্যায়ন করুন এবং আপনার শেখার ডায়রিতে সেইসব কর্মী এবং শিক্ষার্থীদের নাম লিখুন, যারা সম্ভবত এই অনুশীলনে যুক্ত থাকতে পারবেন এবং কি ধরনের তথ্য-সংগ্রহের জন্য কাজ করতে পারবেন। এছাড়াও যেসব কর্মী এবং শিক্ষার্থী এই প্রথম দফার অন্তর্ভুক্ত নয়, তাদের ক্ষমতা উন্নত করতে আপনি কী করতে চলেছেন। এছাড়াও, কীভাবে এই তথ্যসংগ্রহের অনুশীলন পাঠ্যক্রমের মধ্যে তৈরি করা যায় এটাও বিবেচনাযোগ্য (উদাহরণস্বরূপ, গণিতশাস্ত্রের জন্য পাঠগুলির তথ্য বিশ্লেষণ বা ভাষার পাঠগুলির মধ্যে প্রশ্নাবলী লেখা)।

এই তথ্য সংগ্রহের অনুশীলনে কারা যুক্ত থাকবে সেই সিদ্ধান্ত হয়ে যাওয়ার পরে, এখন আপনার ধারণা এবং আপনি কীভাবে এই সিদ্ধান্তে এলেন সেটা শেয়ার করাই সবচেয়ে ভালো হবে। এছাড়াও এটা আপনার প্রাসঙ্গিক কর্মীদের সঙ্গে বসে, আপনার বিদ্যালয়ের দ্বারা রিপোর্ট করার অংশ হিসেবে, ইতিমধ্যেই সংগৃহীত তথ্যগুলির মধ্যে তুলনা করার জন্য একটা ভালো সময়।

## অ্যাক্টিভিটি 4: একসাথে পরিকল্পনা করা: কেন, কী এবং কে

আপনি চিহ্নিত করতে শুরু করেছেন, যে কোন তথ্য আপনার কাছে ইতিমধ্যেই আছে এবং যদি আপনার অতিরিক্ত তথ্যের প্রয়োজন হয়, তখন সম্ভাব্য কে এই কাজে যুক্ত হতে পারেন সেটা নিয়ে ভেবেছেন। আপনার এখন কীভাবে এটা আপনার কর্মী এবং শিক্ষার্থীদেরকে জানানো যায় সেটা নিয়ে ভাবা দরকার। ভাবুন কীভাবে আপনি তথ্য-সংগ্রহ অনুশীলন করার জন্য সকলকে রাজি করাবেন। আপনি যদি মনে করেন এটা করা তাদের পক্ষে হিতকর হবে, তাহলে সেটা আপনাকে বেসলাইনগুলির সঙ্গে তথ্য-সংগ্রহ অনুশীলনের পরিকল্পনা এবং তত্ত্বাবধান করতে সাহায্য করবে। আপনার শেখার ডায়রিতে চারটে অথবা পাঁচটা **সুবিধার** তালিকা করুন। নীতি সঙ্কলকগুলির পাশাপাশি বিদ্যালয়ের জন্য সুবিধাগুলি যুক্ত করার কথা মনে রাখবেন (NCF এবং RtE), এবং আপনি হয়ত সম্পদ 2 অন্তর্ভুক্ত করার জন্য কার্যকরী গাইড হতে পারে।

আপনি কর্মী মিটিংয়ের সময় কর্মীদের এই 'সুবিধাগুলি' জানাতে পারেন বা কর্মীদের একটা সমাবেশে আমন্ত্রণ করতে পারেন, যেখানে শিক্ষার্থীরাও অন্তর্ভুক্ত থাকবে। আপনি সম্ভবত আশা করবেন না যে কর্মীরা তথ্য সংগ্রহের অনুশীলন হিসেবে আপনি যে প্রস্তাব দিচ্ছেন সেটা সঙ্গে সঙ্গেই গ্রহণ করবে, সুতরাং, অন্যদের এই সম্বন্ধে কি কি সংশয় থাকতে পারে সে বিষয়ও ভেবে রাখা ভালো যাতে আপনি তাদের প্রশ্নের উত্তর দিতে পারেন বা তাদের সংশয় এবং সমালোচনাগুলির জবাব দিতে পারেন।

সুবিধাগুলির পাশাপাশি আপনাকে **সেই নির্দিষ্ট বিষয়গুলিও** প্রস্তাব করতে হবে যেগুলি সম্বন্ধে আপনি তথ্য সংগ্রহ করতে চান। এটা সম্ভবত প্রত্যেক বিদ্যালয়ের জন্য আলাদা আলাদা হবে এবং প্রকৃতপক্ষে একটা বিদ্যালয়ে সময়ের সঙ্গে পরিবর্তনও হবে। আপনি হয়ত কিছু বিষয় নির্বাচন করবেন বা অন্যগুলিকে সংযোজন করবেন, যা আপনার সহকর্মীরা সুপারিশ করে।

পরিকল্পনার তৃতীয় অংশ হল যে কীভাবে এটা সংগঠিত করা হবে এবং নেতৃত্ব দেওয়া হবে সেটা আপনার শেয়ার করা প্রয়োজন। কে এই প্রকল্পটির নেতৃত্ব দেবে তা যদি আপনি ইতিমধ্যে চিহ্নিত করে থাকেন, তাহলে আপনি সম্ভবত এটা ঘোষণা করতে বা শিক্ষকদের স্বেচ্ছাসেবক হতে বা মনোনয়ন করতে বলতে পারেন। মিটিংয়ের শেষে, এই প্রকল্পে আপনার সঙ্গে কাজ করতে সম্মত হওয়ার জন্য সবাইকে ধন্যবাদ জানানোর কথা মনে রাখবেন। প্রথমেই আপনার কর্মীদের এবং শিক্ষার্থীদের অনুপ্রাণিত করা প্রয়োজন, যাতে তারা- আপনার দ্বারা নির্দেশিত হয়ে – স্বেচ্ছায় তথ্য সংগ্রহ করে, এটার বাস্তবায়নের বিষয়ে গভীরভাবে চিন্তা করে এবং শিক্ষার্থীদের শেখা এবং সাফল্যের জন্য এই তথ্যগুলি কীভাবে ব্যবহার হতে পারে, সেটার সুপারিশ করার জন্য তাদের জ্ঞান ব্যবহার করতে পারে।

**আলোচনা করা**

তথ্য সংগ্রহ নিয়ে আলোচনা শুরু করলে আপনার কর্মী এবং শিক্ষার্থীরা শুধু প্রকল্পটির উদ্দেশ্যই জানবে তা নয়, তাদের প্রশ্ন এবং ভয়গুলি নিয়ে আলোচনা করতে পারবে এবং এর পাশাপাশি তাদের ভাবনাগুলিও আপনার তালিকায় যোগ করতে পারবে। বিদ্যালয়ে আপনার প্রকল্প নিয়ে রটনা হতে পারে এবং আপনার দল চিহ্নিত হতে পারে।

কেস স্টাডি 2 পাঠ করুন, একজন বিদ্যালয়ের নেতৃত্ব কীভাবে তার এবং তার দলের সদস্যদের মধ্যে কাজ ভাগ করে দিয়েছিলেন এবং তারা সবাই মিলে যে পরিকল্পনাটি করেছিলেন সেটার ওপর নজর রাখার জন্য একটি নকশা তৈরি করেছিলেন তা বলা হয়েছে।

## কেস স্টাডি 2: শ্রীমতী কাজি তার দলের মধ্যে কাজ বিতরণ করেন

**শ্রীমতী কাজি** আমি আপনাদের সকলকে একত্রিত হয়ে আমাদের বিদ্যালয়ের জনগোষ্ঠী সম্বন্ধে যে সমস্ত তথ্য সংগ্রহ করতে হবে তার চূড়ান্ত তালিকা তৈরি করার জন্য ধন্যবাদ জানাতে চাই। আমি তথ্য সংগ্রহ করার পদ্ধতির জন্য অপেক্ষা করে রয়েছি, বিশেষ করে যেহেতু আমরা শিক্ষার্থীদের এই প্রকল্পের মধ্যে অন্তর্ভুক্ত করছি এবং তথ্যগুলি আমরা শ্রেণিতে ব্যবহার করব। এছাড়াও এটা আমাদের 1500 শিক্ষার্থী সম্বন্ধে জানতে সক্ষম করবে যাতে আমাদের স্কুলে থেকে তারা যতটা সম্ভব বেশী লাভবান হতে পারে সেটা নিশ্চিত করতে পারি।

আজ একটি বা দুটি ক্ষেত্রের জন্য কে দায়িত্বশীল হবে সে বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার জন্য আমাদের কাছে 20 মিনিট আছে, যাতে কোন একজন ব্যক্তিকে ভার না দিয়ে যুগপৎ তথ্যসমূহ সঞ্চয় করা যায়। আমরা

সবাই একজন ব্যক্তিকে চিহ্নিত করতে হবে, যাকে আমরা আমাদের কাজ চালিয়ে যাওয়ার কথা মনে করিয়ে দেওয়ার জন্য এক ধরনের অ্যালার্ম পদ্ধতি বা একজন অনুস্মারক হিসেবে ব্যবহার করতে পারি, এর পাশাপাশি যখন আমরা আটকে যাব বা আমরা যা খুঁজে পেয়েছি সেটা নিয়ে বিস্মিত হলে কোন একজনের সাথে বিষয় নিয়ে আলোচনা করতে পারব।

**শ্রীমতী মেহেতা** হ্যাঁ, ধন্যবাদ, শ্রীমতী কাজি, যে ক্ষেত্রগুলি আমাকে বরাদ্দ করা হয়েছে আমি সেগুলি নিয়ে খুশি। আমি লক্ষ্য করেছিলাম যে আপনি আমার কৌতূহলগুলি মাথায় রেখেছেন। আমি খুশি হব যদি শ্রীমতী নাগারাজু আমাকে মনে করিয়ে দেওয়ার দায়িত্ব নিতে সম্মত হন।

**শ্রীমতী নাগারাজু** অবশ্যই, শ্রীমতী মেহতা। আমি খুশি হব। শ্রীমতী কাজি, আমার ওপরে অর্পিত দায়িত্বর ব্যাপারে, আমি আনন্দের সঙ্গে ভাষা বিষয়ক তথ্য সংগ্রহ করতে পারি, কিন্তু আমি আশেপাশে কোন অনুসন্ধান করতে পারব কিনা সে বিষয়ে নিশ্চিত নই, কারণ আমার শ্বশুরমশাই এর মধ্যেই হাসপাতালে ভর্তি হয়েছেন এবং আমাদের সবাইকে পালা করে তার দেখাশুনা করতে হবে। আমি জানি যে আমরা শিক্ষার্থীদের কিছু সমীক্ষার কাজ করতে দেব, কিন্তু নিশ্চিত হওয়ার জন্য তারা যেসব স্থান নিয়ে কথা বলে সেগুলো ব্যক্তিগতভাবে দেখতে চাইব এবং আমি পারব কিনা সে বিষয়ে নিশ্চিত নই।

**শ্রীমতী কাজি** তাই নাকি! আমি এটা জানতাম না! যেহেতু আপনি আপনার স্কুটারে করে বিদ্যালয় আসেন তাই আমি ভেবেছিলাম এটা আপনাকে দেওয়া উচিৎ কারণ সমীক্ষার জন্য আপনি সেটা ব্যবহার করতে পারেন,। আমাদেরকে সত্যিই আমাদের শিক্ষার্থীদের বাড়িতে ব্যবহার করা ভাষা বোঝা দরকার, কারণ আমাদের মধ্যে বেশ কয়েকজন আছেন যারা মনে করেন যে এই বিদ্যালয় শিক্ষাগত ফলাফল নির্ধারণের ক্ষেত্রে এটা একটা মুখ্য বিষয়, কিন্তু এটা প্রমাণ করার জন্য আমার কাছে কোন তথ্য নেই। আমাদের এটার জন্য একটা সমাধান খুঁজে বের করা দরকার …

**শ্রী বেহরাম** বেশ শ্রীমতী কাজি, আমি এটা আমার সাইকেলের সাহায্যে করতে পারি। আমি কেন আশেপাশের এলাকায় সমীক্ষা করি না? আমার কাছে এই ধারণাটা বেশ চিত্তাকর্ষক মনে হয়। এবং আমি এর বদলে শ্রীমতী নাগারাজুকে আমাকে বরাদ্দ করা কাজটা দিতে চাইব, আর কাজটা হল প্রত্যেক শিক্ষার্থী এবং কর্মীদের ধর্ম খুঁজে বের করা। এছাড়াও আমি শ্রীমতী নাগারাজু আমাকে মনে করিয়ে দেওয়ার দায়িত্ব নিলে খুশি হব, যেহেতু এইভাবে তিনি আমার না জানা যে স্থানগুলি দেখেছেন সেগুলির ব্যাপারে আমাকে বলতে পারবেন।

**শ্রীমতী নাগারাজু** ধন্যবাদ শ্রী বেহরাম – আমি বিনিময় করতে এবং আপনাকে মনে করিয়ে দেওয়ার দায়িত্ব নিতে পারলে খুশি হব! শ্রীমতী কাজি, আপনি কি আমার হতে পছন্দ করবেন?

**শ্রীমতী কাজি** বেশ, এটা খুব তাড়াতাড়ি বেছে নেওয়া হয়েছিল – কী স্বস্তি! হ্যাঁ, শ্রীমতী নাগারাজু, আমি আপনাকে মনে করিয়ে দেওয়ার দায়িত্ব নিতে পারি। এখানে কি আর কেউ আছেন যার তার অনুসন্ধানের ক্ষেত্র নিয়ে কোন অসুবিধা আছে?

**শ্রীমতী চাঢ্যা** কীভাবে আর্থ-সামাজিক অবস্থার ওপর সত্যিকারের তথ্য পাওয়া যায় সেবিষয়ে আমি খুব একটা নিশ্চিত নই। আপনার কি মনে হয় যে শিক্ষার্থীরা এবং শিক্ষকরা সত্যিই জানবে? যেহেতু আমার স্বামী একজন পেশাদার যিনি প্রকল্পের ভিত্তিতে উপার্জন করেন তাই তার উপার্জন এবং কীভাবে সেটার মূল্যায়ন করতে হয় সে বিষয়ে আমি নিশ্চিত নই।

**শ্রী শর্মা** চিন্তা করবেন না, শ্রীমতী চাঢ্যা, আমরা কোন নিখুঁত সমীক্ষা করছি না। আমাদের শিক্ষার্থীদের শিক্ষার ফলাফলের ওপর এটার যে প্রভাব রয়েছে, সেটা দেখুন। সুতরাং যদি আমরা তিনটি চওড়া ব্যান্ড তৈরি করি, যেটা নির্দেশ করবে যে একজন শিক্ষার্থী বেশ সচ্ছল এবং তার মৌলিক খাদ্যের, বস্ত্রের এবং আচ্ছাদনের চাইতে

| | |
|---|---|
| | বেশি ব্যয় করার সামর্থ্য আছে, তখন আমরা তাদের ব্যান্ড A তে রাখতে পারি। |
| **শ্রীমতী কাজি** | এবং আমার মনে হয়, শুধু দুপুরের খাবারের জন্য যেসব শিক্ষার্থীদের তাদের বাবা মা বিদ্যালয়ে পাঠিয়েছেন, তারা ব্যান্ড C তে থাকবে। এটা হল তারা, যাদের জন্য আমি বেশি চিন্তিত এবং মনে করি যে আমরা হয়ত তাদের দিকে যথাযথ মনোযোগ দিতে পারি না। যেসব শিক্ষার্থী আমাদের কাছে কিছু বই আর পেন্সিলের জন্য আসে, সেসব শিক্ষার্থীদের দিকে তাদের দিকে আমরা ভালো ভাবে নজর রাখি – এটা কি হতে পারে, যে অনেক শিক্ষার্থীই তা করে না? সম্ভবত তারা অত্যন্ত বিব্রত বা লাজুক। চলুন খুঁজে বের করি, যে তারা হয়ত সেই শিক্ষার্থী দলের অংশ যারা এই মুহূর্তে তেমন সাফল্য লাভ করছে না। |
| **শ্রীমতী চাঢ্যা** | শ্রী শর্মা, যদি আপনি আমাকে মনে করিয়ে দেওয়ার দায়িত্ব নেন তাহলে আমি যখন আটকে যাব তখন আপনার কাছে সাহায্যের জন্য আসতে পারি! |
| **শ্রী শর্মা** | নিশ্চয়ই, শ্রীমতী চাঢ্যা! এবং শ্রীমতী মেহেতা, আমাকে মনে করিয়ে দেওয়ার জন্য আমি আপনার ওপর ভরসা করে আছি। |
| **শ্রীমতী মেহেতা** | নিশ্চয়! |
| **শ্রীমতী কাজি** | বেশ, এখন যে প্রত্যেককে বাছাই করা হয়ে গেছে, আমাদের প্রত্যেকের জন্য বরাদ্দ দায়িত্ব বন্টন হয়েছে কি না আমি কি তা পরীক্ষা করতে পারি- আপনাদের প্রত্যেকের একজন বন্ধু আছে এবং আপনাদের প্রত্যেকের ক্ষেত্রে যদি সম্ভব হয় তাহলে অ-শিক্ষক কর্মীদের এবং বাবা-মাদের অন্তর্ভুক্ত করতে হবে। কীভাবে সংগৃহীত তথ্য আমাদের শ্রেণির কাজের অংশ হতে পারে তা আমাদের আগামী মিটিংয়ে আমরা আলোচনা করব। ধন্যবাদ, সবাইকে। |
| **সকলকে** | ধন্যবাদ, শ্রীমতী কাজি। |

## অ্যাক্টিভিটি 9: শ্রীমতী কাজির মিটিংয়ের পর্যালোচনা

শিক্ষকদের মধ্যে আলোচনা উচ্চ স্তরের সহযোগিতা এবং সেই সঙ্গে তথ্য সংগ্রহের কার্যকলাপের উদ্দেশ্য এবং মূল্য সম্বন্ধে একটি সম্মিলিত বোঝাপড়া প্রদর্শন করে। পরিকল্পনা শেষ না হওয়া পর্যন্ত মিটিংকে আগে এগিয়ে দিতে যা সাহায্য করেছিল বলে আপনি মনে করেন, সেটা নিয়ে আপনার শেখার ডায়রিতে একটা নোট তৈরি করুন।

**আলোচনা করা**

আপনি শুনেছেন কীভাবে শ্রীমতী কাজি তার তথ্য সংগ্রহের পরিকল্পনার বর্ণনা দিয়েছেন- কাজ এবং সেটার উদ্দেশ্য সম্বন্ধে তার স্বচ্ছতা তার দলকে সঠিক পথে থাকতে সাহায্য করেছিল। তিনি যে সমস্ত শিক্ষকরা অনিশ্চিত বোধ করছিলেন তাদের সাহায্য করার প্রস্তাব দিয়েছিলেন তাদের একে অপরকে সহায়তা করতে সাহায্য করেছিলেন। এছাড়াও আপনি শুনেছেন যে শিক্ষকরা এমন বিষয় বেছে নিয়েছেন যাতে তাদের আগ্রহ আছে যাতে তারা কাজটা করতে আরও স্বচ্ছন্দ বোধ করতে পারেন। পরিকল্পনা মিটিংয়ের শেষের দিকে তার দলে নির্ভরযোগ্যতার বিষয়ে কোন সংশয় ছিল না, যেহেতু কাজটির দায়িত্বে কে ছিল তা তারা প্রত্যেকে জানত এবং এটা প্রত্যেকের জন্য সন্তোষজনক ভাবে বণ্টন করা হয়েছিল।

কেন তথ্য ব্যবহার করা উচিৎ এবং কীভাবে ব্যাখ্যা এবং ব্যবহার করা উচিৎ, সে বিষয়ে বিদ্যালয়ের যে লিডাররা তাদের দলগুলিকে বুঝতে সাহায্য করেন, তাদের একটি ন্যায়সঙ্গত শেখার পরিবেশ তৈরি করতে সফল হওয়ার সম্ভাবনা তত বৃদ্ধি পায়। শুধু সমস্যা উত্থাপন করে পিছিয়ে আসবেন না – সেটার সঙ্গে যুক্ত থাকুন। আপনার দলের সদস্যরা কী ভাবছেন এবং অনুভব করছেন তা খুঁজে বের করুন এবং আপনার দলকে জানান যে আপনি তাদের জন্য সবসময় উপলব্ধ এবং তারা যত শীঘ্র আপনার সঙ্গে যোগাযোগ করবে, সেটা আপনার জন্য

তত বেশী মূল্যবান হবে। যাদের সঙ্গে আপনার নিয়মিত যোগাযোগে নেই তাদের সঙ্গে যোগাযোগ করুন। এই অর্থে, 'অন্তর্ভুক্ত থাকা' হল আপনার নেতৃত্ব দেওয়ার ভূমিকার অংশ, যে কাজের দায়িত্ব নেওয়া হয়েছে সেটাকে অনুপ্রেরণা দেওয়া এবং পর্যবেক্ষণ করা।

যে কৌতূহল আপনি দেখান এবং যে প্রশ্নগুলি আপনি জিজ্ঞেস করেন, সেগুলো আপনার কর্মী এবং শিক্ষার্থীদের জন্য গুরুত্বপূর্ণ সংকেত হবে। তথ্য সংগ্রহ করার সময় এটা বিশেষভাবে গুরুত্বপূর্ণ। প্রতীয়মান প্রবণতায় কোন কৌতূহল ছাড়াই তথ্য সংগ্রহ করাটা সম্ভবত একটি প্রশাসনিক কাজ হিসেবে দেখা যেতে পারে। আপনার আগ্রহ প্রকাশ করার মাধ্যমে এই কাজের মধ্যে দিয়ে কর্মীদের, শিক্ষার্থীদের এবং পিতামাতাদের সাহায্য করুন। এটার উদ্দেশ্য হল সবার জন্য শিক্ষার উন্নতিকরণ সেটা সবসময় পুনরাবৃত্তি করুন।

# 4 স্কুল-ভিত্তিক অ্যাক্টিভিটিগুলি পরিকল্পনা করার জন্য তথ্য ব্যবহার করা

একবার তথ্য সংগ্রহ করা হয়ে গেলে, এটাকে ব্যাখ্যা করা এবং তারপর একটি কাজের ধারা স্থির করাটা হল একটি নেতৃত্বের অ্যাক্টিভিটি: ব্যাখ্যা ছাড়া তথ্যের মূল্য খুব কম। প্রমাণ বা তথ্য ব্যবহার করে রীতির পরিবর্তন হয়ত একটি নতুন দৃষ্টিভঙ্গি হতে পারে, তাই তথ্য থেকে কি জানা যায় সে বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার জন্য এবং শিক্ষার্থীদের শিখন আরও উন্নত করার জন্য রীতির ক্ষেত্রে যথাযথ হস্তক্ষেপ বা পরিবর্তন শনাক্ত করার জন্য আপনার দলের আপনার থেকে প্রচুর সাহায্যের প্রয়োজন হতে পারে।

কেস স্টাডি 3 পাঠ করুন এবং কীভাবে বিবিধ তথ্যাবলী ক্রমানুসারে সাজানোয় সক্ষম করা শিক্ষার্থীদের আরও কার্যকর শিক্ষার্থী হতে সক্ষম করছে, তা লক্ষ্য করুন।

## কেস স্টাডি 3: শ্রেণিকক্ষে তথ্য ব্যবহার

মাঠ পর্যায়ে পরিদর্শন, সাক্ষাৎকার এবং জরিপগুলি থেকে বিদ্যালয়ের সম্প্রদায় সম্পর্কে বিপুল পরিমাণ তথ্য এসেছিল। বিদ্যালয়ে তথ্য সংগ্রহ আলাদা আলাদা দলের দ্বারা সংগঠিত করা হয়েছিল, যেগুলির প্রত্যেকটির নেতৃত্ব দিয়েছিলেন একজন করে শিক্ষক। প্রত্যেক দল তাদের নিজস্ব তথ্য ক্রমানুসারে সাজিয়েছিল এবং তারা কী খুঁজে পেয়েছে সেটা প্রদর্শন করতে করিডোরগুলিতে তালিকাগুলি টাঙ্গিয়েছিল। বিভিন্ন বিভাগের শিক্ষক এবং শিক্ষার্থীরা তারপর প্রদর্শিত তথ্য তাদের শ্রেণিতে বিষয়গুলি নিয়ে আলোচনা করার জন্য ব্যবহার করেছিলেন।

- সমাজ বিজ্ঞানের শ্রেণিগুলি বিভিন্ন পরিবারের রূপরেখার কারণগুলি নিয়ে আলোচনা করেছিল, তবে প্রত্যেক পরিবারকে সমান মূল্য দেওয়া হয়েছিল এবং কখনই একটা পরিবারের রূপরেখাকে অন্য একটি পরিবারের থেকে ভালো বলা হয় নি।
- ভাষার ক্লাসে শব্দভান্ডার উন্নত করার জন্য 'পরিবার' বিষয়টি নির্বাচন করা হয়েছিল, তারা তাদের নিজের পরিবারের বিবরণ দিতে এবং ছোট ও বড় পরিবারগুলির সুবিধে এবং অসুবিধাগুলি নিয়ে তর্ক করতে এই বিষয়টি বেছেছিল।
- ধর্মীয় স্থানগুলির এবং বিদ্যালয় উপস্থিত বিভিন্ন ধর্মের তালিকা কাল্পনিক এবং পৌরাণিক কাহিনীগুলির মধ্যে মিল নিয়ে আলোচনার সূত্রপাত করেছিল।
- গার্হস্থ্য বিজ্ঞান ক্লাসে রান্নার অনুশীলনগুলিতে দেখা হয়েছিল যে কীভাবে বিভিন্ন সম্প্রদায়ের কিছু মশলা বেশী পছন্দ করে এবং কীভাবে এটা মসুর ডালের স্বাদ পরিবর্তন করে, যা ক্লাসে চেখে দেখার জন্য আনা হয়েছিল।

মনে হয়েছিল যে, তথ্য সংগ্রহ করার অনুশীলন এবং এটার সাজানো ফলাফলগুলি সমগ্র বিদ্যালয়ের আলোচনা বদলে দিয়েছিল। 'আমরা জিজ্ঞেস করা শুরু করেছিলাম "কি?" , "কীভাবে?" এবং "কখন",' হাস্যোজ্জ্বল মুখে জানালেন বিদ্যালয়ের লিডার যিনি শিক্ষার্থীরা কতটা নিজেদের তথ্য নিয়ে কাজ করার বাস্তবটা উপভোগ করছিল সেটা তিনি দেখতে পেয়েছিলেন। 'আমরা সমস্ত বিদ্যালয়কে কৌতূহলী করে তুলেছিলাম!'

এমন ধরনের তথ্য সংগ্রহ, হারিয়ে যাওয়া তথ্য বা আরও বিশদ তথ্য নিয়ে বিস্তারিত অনুসন্ধানের দিকে এগিয়ে দিতে পারে, যেটা এরপর স্কুল লিডারের, শিক্ষকদের বা শিক্ষার্থীদের পরবর্তী কর্তব্য সূচিত করতে পারে।

### অ্যাক্টিভিটি 10: আপনার শিক্ষার্থীদের তথ্য ব্যবহার

শিক্ষকদের মধ্যে আলোচনা একটি উচ্চ মাত্রার সহযোগিতা এবং যৌথ সম্মতি প্রদর্শন করে। কেস স্টাডিটি আপনার শিক্ষার্থীদের জন্য যে সম্ভাবনাগুলি উপস্থাপন করে সেগুলি নিয়ে ভাবনাচিন্তা করুন। আপনার স্কুলের তথ্যগুলি একত্রীকরণ দ্বারা কি পদ্ধতিতে আপনি একই জিনিস করতে পারেন? কীভাবে আপনার সংগ্রহ করা তথ্য বিদ্যালয়ের পাঠ্যক্রম বা অ্যাক্টিভিটিগুলির সঙ্গে সংযুক্ত হতে পারে? কীভাবে আপনার সংগৃহীত তথ্যগুলি পাঠগুলিকে প্রভাবিত করতে পারে এবং বিদ্যালয়ে আরও ব্যাপকভাবে কাঙ্খিত পরিবর্তন ঘটাতে পারে সেটা আপনার দল এবং আপনার শিক্ষার্থীদের সঙ্গে আলোচনা করুন।

**আলোচনা করা**

কীভাবে সবচেয়ে ভালভাবে শিক্ষার্থীদের অন্তর্ভুক্ত করা যায়, সেটার বিষয়ে আপনি সম্ভবত কিছুটা অস্বস্তি অনুভব করতে শুরু করেছেন। এটা যে কারণে হতে পারে:

- বিশেষ সম্প্রদায়ের সংবেদনশীলতাগুলি নিয়ে আপনার সচেতনতা
- আপনি উদাহরণ গঠন করার জন্য কোনো স্বতন্ত্র ব্যক্তি বা দলকে আলাদা করতে চাইছেন না
- বিশেষ তথ্যের সেটগুলিকে নামবিহীন করার অসুবিধে।

এই সংবেদনশীলতাগুলির সবকটি বৈধ এবং খুব সতর্কভাবে এগুলি বিবেচনা করা প্রয়োজন। কোনো স্বতন্ত্র শিক্ষার্থী বা শিক্ষার্থীর দলকে এমন বিশেষ ভাবে চিহ্নিত না করা গুরুত্বপূর্ণ যাতে তারা বিচলিত, উদ্বিগ্ন বা মানসিক চাপ অনুভব করতে পারে। এটার মানে এই নয়, যে এই সমস্যাগুলিকে মোকাবিলা করার প্রয়োজনকে উপেক্ষা করতে হবে। তার পরিবর্তে শিক্ষার্থী এবং সম্প্রদায়গুলির সঙ্গে আলোচনার ভূমিকা ও প্রকৃতি বিবেচনা করা দরকার। যেমন কিছু ক্ষেত্রে বিদ্যালয় নির্দিষ্ট তথ্যের ওপর আলোকপাত না করে সারা রাজ্য বা দেশ ভিত্তিক তথ্য বা ঘটনাসমূহ শিক্ষক কর্তৃক আলোচিত হলে বেশী উপযুক্ত হতে পারে।

# 5 বিদ্যালয়ের জনগোষ্ঠীর প্রতিনিধিত্ব করা এবং তাদের সঙ্গে তথ্য ভাগ করে নেওয়া

বন্টন না করে তথ্য সঞ্চয় করে রাখা যায় যা অনুরোধ অনুসারে ব্যবহার করা যেতে পারত। বিকল্প হিসাবে, আপনার বিদ্যালয়ে একটি অনুকূল শিক্ষার পরিবেশ সৃষ্টি করার জন্য এটা ব্যবহার করা যেতে পারে। যেসব তথ্য আপনি সংগ্রহ করছেন সেগুলো আপনার কার্যালয়ের কিছু অংশে, শ্রেণিকক্ষগুলিতে, এমনকি আপনার করিডোরগুলিতে প্রদর্শন করতে পারেন, যেগুলিকে সারা বছর ধরে আপনার কাজ সম্পর্কে অবহিত করার জন্য ব্যবহার করা যেতে পারে। অপরিশোধিত তথ্য প্রদর্শন করা কঠিন হতে পারে। চার্ট, তালিকা, টেবিল, ম্যাপ, নকশা, পিকটোগ্রাম, বার চার্ট, পাই চার্ট, মডেল বা পোস্টারগুলিতে তথ্যসমূহ দৃশ্যমানভাবে প্রদর্শন করলে তা বোঝা এবং অনুবাদ করা সহজ হতে পারে। কিছু তথ্য – যেমন আপনার শিক্ষার্থীদের আর্থ-সামাজিক সংযুক্তি, বা আপনার শিক্ষকদের পটভূমি – সারা বছরের জন্য সত্যি হতে পারে। অন্য ধরণের তথ্যগুলি সময়ের সাথে সাথে পরিবর্তিত বা নতুন করে সংযুক্ত হতে পারে, যেমন শিক্ষার্থীদের স্বাস্থ্যের প্রোফাইল। এটা নিশ্চিত করতে সতর্ক থাকুন যে, আপনার প্রদর্শিত কোন তথ্য যেন কাউকে লজ্জিত বা অপমানিত না করে। এটাকে এমনভাবে প্রদর্শন করা গুরুত্বপূর্ণ যাতে স্বতন্ত্রভাবে ব্যক্তিদের শনাক্ত বা আলাদা করা যায়।

## অ্যাক্টিভিটি 11: ফলাফল এবং অগ্রাধিকারগুলি বন্টন করা

আপনার শেখার ডায়রিতে পরবর্তী বিষয়গুলি নিয়ে কিছু ভাবনা লিখুন:

- **কীভাবে** আপনি নিয়মিতভাবে আপনার ফলাফল এবং চিহ্নিত অগ্রাধিকারগুলিকে বন্টন করবেন?
- এটা বন্টন করার জন্য আপনার **কাকে** প্রয়োজন, সেটা আপনার খুঁজে বের করা দরকার। এই সিদ্ধান্তটা নেওয়ার জন্য ভাবুন যে স্থিতাবস্থাকে চ্যালেঞ্জ করার জন্য কার তথ্যের দরকার এবং শিক্ষার্থীদের শিক্ষার বাধাগুলি যাতে তাদের পূর্ণ সম্ভাবনা অর্জন করতে বাধা না দেয় সেটা কাদের নিশ্চিত করতে হয়।
- কেন **আপনার** তথ্য বন্টন করা প্রয়োজন, তা বিবেচনা করুন। উদ্দেশ্যটা কী হবে? শিক্ষার্থীদের শিক্ষার উন্নয়ন করতে এটা কীভাবে অবদান রাখবে?

**আলোচনা করা**

কখনও কখনও তথ্য অস্বস্তিকর হওয়ায়, তা বন্টনে অসুবিধে দেখা যায়। সুতরাং, কীভাবে সবচেয়ে ভালভাবে অগ্রসর হওয়া যায় এবং অন্যদের সাথে সেটা ভাগ করে নেওয়া যায়, সে বিষয়ে আপনাকে যত্নসহকারে ভাবতে হবে, যাতে সর্ব সম্মত একটি কর্ম পরিকল্পনা নির্ধারণ করার জন্য যৌথ ভাবে পরিকল্পনা করা যায়। একই সময় এটা ভাবা গুরুত্বপূর্ণ যে **কোন** তথ্য বন্টন করার জন্য কোনটা সঠিক এবং কোনটা নয়। উদাহরণস্বরূপ, আপনি যে বিষয়গুলিকে অগ্রাধিকার দিচ্ছেন সেগুলি পিতামাতাদের জানানো কি সঠিক হবে, যাতে শিক্ষার্থীদের কোন বিশেষ দলের পূর্ণ সক্ষমতা অর্জন করতে সমস্যা হচ্ছে সে বিষয়ে তারা জানতে পারেন? শিক্ষার্থীদের কি এটা জানা ঠিক হবে যে তারা হস্তক্ষেপের জন্য নির্দিষ্ট করা একটি দলে রয়েছে?

যে তথ্য একটি রাজনৈতিক প্রসঙ্গে বিতর্কিত নয় সেটা অন্য আরেকটির ক্ষেত্রে অত্যন্ত সংবেদনশীল হতে পারে। কিছু তথ্যের ভুলভাবে ব্যাখ্যা হওয়ার সম্ভাবনা খুব বেশী থাকে এবং তাই এগুলির ব্যাপারে সতর্ক ব্যবস্থাপনা দরকার হবে। লক্ষ্যটি হল সবসময় আরও সমান শিক্ষার ফলাফল অর্জন করা, তাই তথ্য অবশ্যই এমনভাবে প্রদর্শন করা উচিৎ যাতে লক্ষ্যটা স্পষ্টভাবে প্রতীয়মান হয়। শুধুমাত্র 'কে?', 'কীভাবে?' 'কেন?' এবং 'কি?' প্রশ্নাবলী সম্পর্কে স্পষ্ট হওয়ার মাধ্যমে আপনি আপনার বিদ্যালয়ের জনগোষ্ঠীর ওপর সবচেয়ে বেশি প্রভাব ফেলার জন্য তথ্যকে কাজে লাগাতে পারেন।

# 6 সারসংক্ষেপ

একজন বিদ্যালয়ের নেতা হিসেবে, আপনাকে বিদ্যালয়ের বৈচিত্র্যের একটি প্রমাণ-ভিত্তিক বোধগম্যতা গড়ে তুলতে হবে। এভাবে আপনি কিছু শিক্ষার্থীর শিক্ষার ফলাফলের অসুবিধেগুলিকে এড়াতে পারেন এবং এই তাদের বৈচিত্র্যকে মূল্য দিয়ে বিদ্যালয়ের পাঠ্যক্রম এবং সংস্কৃতি সমৃদ্ধ করতে পারেন।

কোন তথ্য আপনার সংগ্রহ করা উচিৎ, কীভাবে সেটা সংগ্রহ করা যায় এবং তারপর কীভাবে সেটা বিশ্লেষণ করে ফলাফলগুলি অন্যদের সঙ্গে ভাগ করে নেওয়া করা যায়, এই বিভাগটিতে তা আপনি বিবেচনা করেছেন। আপনি দেখেছেন যে কীভাবে এটাকে একটি সম্মিলিত এবং সহযোগিতামূলক কার্যকলাপে পরিণত করা যায়, যা সরাসরি ভাবে বিদ্যালয়ের জন্য লাভপ্রদ হয় এবং শিক্ষার সঙ্গে শিক্ষার্থীদের ও তাদের পিতামাতাদের বাস্তব জীবনের সম্পর্ক স্থাপন করে তাদের শিক্ষায় অন্তর্ভুক্ত করার মাধ্যমে পাঠ্যক্রমটিতে জীবনসঞ্চার করা যায় তা। এছাড়াও এই তথ্য পাঠ পরিকল্পনা করতে এবং কিছু ছাত্রের শেখাকে বিরূপ ভাবে প্রভাবিত করে যে সমস্ত বিষয়গুলি সেগুলির জন্য নির্দিষ্ট পদক্ষেপ নিতে সক্ষম করে।

এছাড়াও আপনি লক্ষ্য করে থাকবেন যে, বৈচিত্র্যতার সমস্যার ওপর যে তথ্য রয়েছে সেটা সংবেদনশীল এবং সেটার মোকাবিলা, ব্যবহার এবং সংরক্ষণ সাবধানে করা প্রয়োজন এবং এটার উদ্দেশ্য শুধুমাত্র সবার শিক্ষার ফলাফলের উন্নয়ন করা হওয়া উচিৎ।

এই ইউনিটটি সেই ইউনিটগুলির সেট বা পরিবারের অংশ যা নেতৃত্বের ধারণার মূল বিষয়গুলির সঙ্গে সম্পর্কিত (ন্যাশনাল কলেজ অফ স্কুল লিডারশীপের সঙ্গে সঙ্গতিপূর্ণ)। আপনার জ্ঞান এবং দক্ষতা তৈরি করতে আপনি হয়ত এই গুচ্ছের অন্য ইউনিটগুলোর দিকে এর পরে নজর দিলে লাভবান হতে পারেন।

- *আপনার বিদ্যালয়ের জন্য একটা বণ্টিত দৃষ্টিভঙ্গি তৈরি করা*

- *বিদ্যালয়ের স্ব-পর্যালোচনায় নেতৃত্ব*
- *বিদ্যালয়ের উন্নতির পরিকল্পনায় নেতৃত্ব*
- *আপনার স্কুলের পরিবর্তন পরিকল্পনা করা এবং তার নেতৃত্ব দেওয়া*
- *আপনার বিদ্যালয়ে পরিবর্তনকে বাস্তবায়িত করা।*

# সম্পদসমূহ

## সম্পদ 1: তথ্য কর্ম পরিকল্পনা টেমপ্লেট

***টেবিল R1.1*** *তথ্য কর্ম পরিকল্পনার জন্য একটি ফাঁকা টেম্পলেট (অ্যাক্টিভিটি 6 এবং 8 দেখুন)।*

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| পর্যবেক্ষণ | | | | | | | | | | |
| কার্য(গুলি) | | | | | | | | | | |
| শিক্ষার উপর প্রভাব | | | | | | | | | | |
| ফলাফলের শিরোনাম | | | | | | | | | | |
| কারণ বিশ্লেষণ | | | | | | | | | | |
| তথ্য সংগ্রহ | | | | | | | | | | |

# সম্পদ 2: সকলকে অন্তর্ভুক্ত করা

## ‘সকলকে অন্তর্ভুক্ত করা’ র অর্থ কী?

সংস্কৃতি ও সমাজের বৈচিত্র্য শ্রেণিকক্ষে প্রতিফলিত হয়। শিক্ষার্থীদের পৃথক ভাষা, আগ্রহ এবং সক্ষমতা আছে। শিক্ষার্থীরা বিভিন্ন সামাজিক ও অর্থনৈতিক পটভূমি থেকে আসে। আমরা এই পার্থক্যগুলি উপেক্ষা করতে পারি না; আমাদের অবশ্যই এগুলিকে স্বাগত জানানো উচিত, যেহেতু এগুলি একে অপরের সম্বন্ধে জানা এবং আমাদের অভিজ্ঞতা বহির্ভূত বিশ্ব সম্পর্কে শেখার মাধ্যম হতে পারে। তাদের অবস্থা, সামর্থ্য এবং পটভূমি নির্বিশেষে সমস্ত শিক্ষার্থীদের শিক্ষালাভের অধিকার এবং শেখার সুযোগ পাওয়ার অধিকার আছে এবং এটি ভারতীয় আইন এবং শিশুদের আন্তর্জাতিক অধিকার-এ স্বীকৃত। 2014 সালে প্রধানমন্ত্রী মোদি জাতির প্রতি তাঁর প্রথম ভাষণে, ভারতের সব নাগরিকের জাত, লিঙ্গ বা আয় বিবেচনা না করে তাদের সম্মান দেওয়ার গুরুত্বের উপর জোর দিয়েছিলেন। এই ক্ষেত্রে স্কুল ও শিক্ষকদের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা আছে।

আমাদের সকলেরই অন্যদের সম্পর্কে পূর্বধারণা এবং মতামত আছে, যা হয়তো আমরা উপলব্ধি করিনি বা যার মোকাবিলা করিনি। একজন শিক্ষক হিসেবে, প্রত্যেক শিক্ষার্থীর শিক্ষার অভিজ্ঞতাকে ইতিবাচক বা নেতিবাচক ভাবে প্রভাবিত করার ক্ষমতা আপনার থাকে। আপনার শিক্ষার্থীরা কতটা সমানভাবে শিখছে সেটাকে জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে আপনার অন্তর্নিহিত পূর্বধারণা এবং মতামতগুলি প্রভাবিত করবে। আপনি আপনার শিক্ষার্থীদের অসম আচরণ থেকে রক্ষা করতে পদক্ষেপ নিতে পারেন।

## আপনি যাতে শিক্ষায় সবাইকে অন্তর্ভুক্ত করেন সেটা নিশ্চিত করার তিনটি মূল নীতি হল

- **লক্ষ্য করা:** কার্যকরী শিক্ষকেরা মনোযোগী, বিচক্ষণ এবং সংবেদনশীল হন; তাঁরা তাঁদের শিক্ষার্থীদের পরিবর্তনগুলি *লক্ষ্য করেন*। আপনি মনোযোগী হলে, কোন শিক্ষার্থী ভাল কিছু করলে তা আপনি লক্ষ্য করবেন, এছাড়া কখন তাদের সাহায্যের প্রয়োজন এবং কীভাবে তারা অন্যদের সঙ্গে সম্পর্কিত হয় তাও আপনি লক্ষ্য করবেন। আপনি আপনার শিক্ষার্থীদের পরিবর্তনগুলোও উপলব্ধি করতে পারবেন, যা হয়তো তাদের বাড়ির অবস্থার কোনো পরিবর্তন বা অন্য কোনো সমস্যার প্রতিফলন হতে পারে। সবাইকে যুক্ত করার জন্য আপনাকে দৈনন্দিন ভিত্তিতে আপনার শিক্ষার্থীদের লক্ষ্য করতে হবে, সেই সব শিক্ষার্থীদের প্রতি বিশেষ মনোযোগ দিতে হবে যারা নিজেদের প্রান্তিক মনে করতে পারে কিংবা অংশগ্রহণ করতে অসমর্থ হতে পারে।
- **আত্মমর্যাদার ওপর মনোযোগ দিন:** ভাল নাগরিক হলেন তারাই, যারা তাদের সঙ্গে থাকা মানুষদের সঙ্গে স্বচ্ছন্দ। তাঁদের আত্মমর্যাদা আছে, তাঁরা নিজের ক্ষমতা ও দুর্বলতা জানেন, এবং সামাজিক অবস্থান নির্বিশেষে অন্য মানুষদের সঙ্গে ইতিবাচক সম্পর্ক গড়ে তোলার সামর্থ্য আছে। তাঁরা নিজেদের সম্মান করেন এবং তাঁরা অন্যদেরও সম্মান করেন। শিক্ষক হিসাবে আপনি অল্প বয়স্ক ব্যক্তির আত্মসম্মানের উপর গুরুত্বপূর্ণ প্রভাব ফেলতে পারেন; আপনাকে সেই ক্ষমতার বিষয়ে সচেতন হতে হবে এবং প্রত্যেক শিক্ষার্থীর আত্মসম্মান গড়ে তুলতে সেটা ব্যবহার করতে হবে।
- **নমনীয়তা:** আপনার শ্রেণিকক্ষে যদি নির্দিষ্ট কোনো শিক্ষার্থী, দল বা ব্যক্তির ক্ষেত্রে কোনো কিছু কাজ না করে, তাহলে আপনার পরিকল্পনা পাল্টাতে বা অ্যাক্টিভিটি থামিয়ে দিতে প্রস্তুত থাকুন। নমনীয়তা আপনাকে পরিবর্তন করতে সক্ষম করবে, যাতে আপনি সমস্ত শিক্ষার্থীকে আরো কার্যকরভাবে অংশগ্রহণ করাতে পারেন।

## যে পন্থাগুলি আপনি সব সময় ব্যবহার করতে পারেন

- **ভাল আচরণের আদর্শ:** জাতি, ধর্ম বা লিঙ্গ নির্বিশেষে প্রত্যেকের সঙ্গে ভাল আচরণ করে আপনার শিক্ষার্থীদের সামনে নিদর্শন স্থাপন করুন। সব শিক্ষার্থীদের সঙ্গে সম্মানের সাথে আচরণ করুন আর আপনার পড়ানোর মাধ্যমে সুস্পষ্ট করে দিন যে আপনি সমস্ত শিক্ষার্থীকে সমান গুরুত্ব দেন। তাদের সবার সঙ্গে সম্মানের সাথে কথা বলুন, যখন উপযুক্ত তখন তাদের মতামত গ্রহণ করুন, আর সবাইকে উপকৃত করবে এমন কাজ করার মাধ্যমে তাদের শ্রেণিকক্ষের জন্য দায়িত্ব গ্রহণ করতে উৎসাহ দিন।
- **উচ্চ প্রত্যাশা:** সক্ষমতা অপরিবর্তনীয় নয়; উপযুক্ত সাহায্য পেলে সব শিক্ষার্থী শিখতে এবং উন্নতি করতে পারে। আপনি শ্রেণিতে যে কাজটা করছেন, কোনো শিক্ষার্থীর যদি সেটা বুঝতে সমস্যা হয়, তাহলে ধরে নেবেন না যে তারা কখনই বুঝতে পারবে না। শিক্ষক হিসেবে আপনার ভূমিকা হল, প্রত্যেক শিক্ষার্থীকে কীভাবে সবচেয়ে ভালভাবে শিখতে সাহায্য করা যায় তা

নির্ধারণ করা। আপনার যদি শ্রেণির প্রত্যেকের কাছে উচ্চ প্রত্যাশা থাকে, তাহলে আপনার শিক্ষার্থীদেরও এটা ভাবার সম্ভাবনা বেশি যে তারা ধৈর্য্য ধরলে শিখতে পারবে। উচ্চ প্রত্যাশা আচরণের ক্ষেত্রেও প্রযোজ্য হওয়া উচিত। প্রত্যাশাগুলি যাতে স্পষ্ট হয় এবং শিক্ষার্থীরা একে অপরের সঙ্গে সম্মানের সঙ্গে আচরণ করে তা নিশ্চিত করুন।

- **আপনার পড়ানোয় বৈচিত্র্য আনুন:** শিক্ষার্থীরা বিভিন্ন পন্থার মাধ্যমে শিক্ষালাভ করে। কিছু কিছু শিক্ষার্থী লিখতে ভালবাসে; অন্যরা তাদের ধারণাগুলি উপস্থাপন করতে মনের মানচিত্র বা ছবি আঁকা পছন্দ করে। কিছু কিছু শিক্ষার্থীরা ভাল শ্রোতা; কেউ কেউ তাদের ধারণা সম্পর্কে কথা বলার সুযোগ পেলে খুব ভাল শেখে। আপনি সবসময় সমস্ত শিক্ষার্থীর জন্য উপযোগী হবে এমন করে শেখাতে পারেন না, তবে আপনার পড়ানোয় বৈচিত্র্য আনতে পারেন এবং শিক্ষার্থীদের তাদের যে অ্যাক্টিভিটিগুলি করতে হবে সেগুলির কয়েকটা পছন্দ করার সুযোগ দিতে পারেন।
- **শিক্ষাকে দৈনন্দিন জীবনের সঙ্গে সম্পর্কযুক্ত করুন:** কিছু শিক্ষার্থীর জন্য তাদের যা শিখতে বলছেন সেটা তাদের দৈনন্দিন জীবনে অপ্রাসঙ্গিক বলে মনে হয়। যখনই সম্ভব, শেখাকে তাদের জন্য প্রাসঙ্গিক কোনো বিষয়ের সঙ্গে সম্পর্কিত করে এবং তাদের অভিজ্ঞতা থেকে উদাহরণ টেনে আপনি এই সমস্যার মোকাবিলা করতে পারেন।
- **ভাষার ব্যবহার:** আপনার ব্যবহার করা ভাষা সম্পর্কে যত্নসহকারে চিন্তা করুন। ইতিবাচক ভাষা ও প্রশংসা ব্যবহার করুন, এবং শিক্ষার্থীদের উপহাস করবেন না। সর্বদা তাদের আচরণের ওপর মন্তব্য করবেন, ব্যক্তিগতভাবে তাদের সম্বন্ধে নয়। 'আজকে তুমি আমাকে বিরক্ত করছ' মন্তব্যটা খুবই ব্যক্তিগত, এবং এটাকেই 'তোমার আচরণটা আজ খুবই বিরক্তিকর' দিয়ে আরও ভালো ভাবে প্রকাশ করা যেতে পারে। তোমার কি কোনো কারণে মনঃসংযোগ করতে সমস্যা হচ্ছে?' বলে এটা আরো ভালভাবে প্রকাশ করতে পারেন।
- **বাঁধাধরা চিন্তাভাবনাকে চ্যালেঞ্জ করা:** এমন সম্পদ খুঁজুন ও ব্যবহার করুন যাতে মেয়েদের বাঁধাধরা চিন্তাভাবনার বাইরের কোনো ভূমিকায় দেখানো হয়, অথবা অনুকরণীয় মহিলা ব্যক্তিত্বদের, যেমন মহিলা বিজ্ঞানীদের স্কুল পরিদর্শনে আসার আমন্ত্রণ জানান। আপনার নিজের লিঙ্গগত বাঁধাধরা চিন্তাভাবনা সম্বন্ধে সচেতন হোন; আপনি হয়ত জানেন যে মেয়েরা খেলাধুলো করে আর ছেলেরা যত্নশীল হয়, কিন্তু আমরা প্রায়ই এটা অন্যভাবে প্রকাশ করে থাকি, যার প্রধান কারণ হল আমরা সমাজে এইভাবে কথা বলতেই অভ্যস্ত।
- **একটা নিরাপদ, প্রীতিকর শিক্ষামূলক পরিবেশ সৃষ্টি করুন:** সমস্ত শিক্ষার্থীর স্কুলে নিরাপদ ও স্বাগত বোধ করা আবশ্যক। আপনি এমন একটা জায়গায় আছেন যেখান থেকে প্রত্যেককে পারস্পরিক শ্রদ্ধাশীল এবং বন্ধুত্বপূর্ণ আচরণে উৎসাহিত করে আপনি আপনার শিক্ষার্থীদের স্বচ্ছন্দ বোধ করাতে পারেন। বিভিন্ন শিক্ষার্থীর কাছে বিদ্যালয় ও শ্রেণিকক্ষ কিরকম মনে হতে এবং বোধ হতে পারে সেই সম্পর্কে চিন্তা করুন। কোথায় তাদের বসতে বলা উচিত বিবেচনা করুন এবং নিশ্চিত করুন যাতে দৃষ্টি বা শ্রবণ বৈকল্য আছে, বা শারীরিক প্রতিবন্ধী শিক্ষার্থীদের এমন স্থানে বসে যেখান থেকে তারা পাঠে অংশ গ্রহণ করতে পারে। যাচাই করুন যে লাজুক বা সহজে মনোযোগ বিক্ষিপ্ত হয় এমন শিক্ষার্থীরা যেন এমন জায়গায় বসে, যেখানে আপনি সহজেই তাদেরকে লক্ষ্য করতে পারবেন।

## নির্দিষ্ট শিক্ষণ পন্থা

কয়েকটি নির্দিষ্ট পন্থা আছে যা সকল শিক্ষার্থীদের অন্তর্ভুক্ত করতে আপনাকে সাহায্য করবে। এইগুলি অন্যান্য মূল সম্পদসমূহে আরো বিস্তারিতভাবে বর্ণিত আছে, তবে একটি সংক্ষিপ্ত পরিচয় এখানে দেওয়া হল:

- **প্রশ্ন করা:** আপনি যদি শিক্ষার্থীদের হাত তুলতে বলেন, তাহলে একই শিক্ষার্থী বারবার উত্তর দেবে। উত্তর সম্পর্কে চিন্তা করা এবং প্রশ্নের উত্তর দেবার ক্ষেত্রে আরো বেশী সংখ্যক শিক্ষার্থীদের অন্তর্ভুক্ত করার অন্যান্য পদ্ধতি আছে। আপনি নির্দিষ্ট ব্যক্তিদের সরাসরি প্রশ্নগুলি করতে পারেন। ক্লাসকে বলুন যে, কে উত্তর দেবে সেটা আপনি ঠিক করবেন, তারপরে সামনের শিক্ষার্থীদের পরিবর্তে কক্ষের পিছনে আর পাশের দিকে বসে থাকা শিক্ষার্থীদের প্রশ্ন করুন। শিক্ষার্থীদের 'চিন্তা করার সময়' দিন এবং নির্দিষ্ট ব্যক্তিদের অংশগ্রহণ করতে আহ্বান করুন। আত্মবিশ্বাস বাড়ানোর জন্য জুটিতে বা দলে কাজ করা ব্যবহার করুন, যাতে আপনি প্রত্যেককে সমগ্র শ্রেণির আলোচনায় যুক্ত করতে পারেন।

- **মূল্যায়ন:** গঠনমূলক মূল্যায়নের জন্য কিছু কৌশল গড়ে তুলুন যা প্রত্যেক শিক্ষার্থীকে ভালভাবে জানতে আপনাকে সাহায্য করবে। লুকানো প্রতিভা এবং ঘাটতি প্রকাশ করার জন্য আপনাকে সৃজনশীল হতে হবে। কিছু শিক্ষার্থী এবং তাদের ক্ষমতা সম্বন্ধে সাধারণ ধারণা থেকে সহজে যে অনুমান করা যায় তার পরিবর্তে গঠনমূলক মূল্যায়ন আপনাকে সঠিক তথ্য প্রদান করবে। আপনি তারপরে তাদের ব্যক্তিগত চাহিদা আরও ভাল ভাবে পূরণ করতে সক্ষম হবেন।
- **দলে কাজ এবং জুটিতে কাজ:** সবাইকে অন্তর্ভুক্ত করার লক্ষ্যকে মাথায় রেখে, আপনার ক্লাসকে কীভাবে দলে বিভাজিত করা যায় বা কীভাবে জুটি তৈরি করা যায় সেই ব্যাপারে সতর্কভাবে ভাবুন, আর শিক্ষার্থীদেরকে একে অন্যকে গুরুত্ব দিতে উৎসাহ দিন। নিশ্চিত করুন যেন সমস্ত শিক্ষার্থী একে অন্যের থেকে শেখার সুযোগ পায় আর তারা যা জানে সেটায় আত্মবিশ্বাস অর্জন করতে পারে। কিছু শিক্ষার্থীর ছোট দলে তাদের ধারণাগুলো প্রকাশ করার এবং প্রশ্ন জিজ্ঞাসা করার আত্মবিশ্বাস থাকে, কিন্তু পুরো শ্রেণির সামনে সেটা করার আত্মবিশ্বাস থাকে না।
- **পৃথকীকরণ:** আলাদা আলাদা দলের জন্য আলাদা কাজ নির্ধারণ করলে সেটা শিক্ষার্থীরা তাদের বর্তমান অবস্থান থেকে শুরু করতে এবং এগিয়ে যেতে সাহায্য করবে। নির্দিষ্ট সময় সীমা ছাড়া কাজ নির্ধারণ করলে সকল শিক্ষার্থীদের সফল হওয়ার সুযোগ দেবে। শিক্ষার্থীদের কাজ বেছে নিতে দেওয়া হলে তাদের মধ্যে কাজের মালিকানার বোধ জাগাতে এবং তাদের নিজেদের শেখার দায়িত্ব নিতে সাহায্য করে। ব্যক্তিবিশেষের শিক্ষাগত চাহিদা বিবেচনা করা কঠিন হয়, বিশেষত বড় ক্লাসের ক্ষেত্রে, তবে বিভিন্ন প্রকারের কাজ ও অ্যাক্টিভিটি ব্যবহার করে এটা করা যায়।

# তথ্যসূত্র/গ্রন্থতালিকা


National Council for Teacher Education (2009) *National Curriculum Framework for Teacher Education*. New Delhi: NCTE. Available from: http://www.ncte-india.org/publicnotice/NCFTE_2010.pdf (accessed 16 January 2014).

National Council of Educational Research and Training (2005) *National Curriculum Framework*, National Council of Educational Research and Training. Available from: http://www.ncert.nic.in/rightside/links/pdf/framework/english/nf2005.pdf (accessed 25 September 2014).

National University of Educational Planning and Administration (2014) *National Programme Design and Curriculum Framework*. New Delhi: NUEPA. Available from: https://xa.yimg.com/kq/groups/15368656/276075002/name/SLDP_Framework_Text_NCSL_NUEPA.pdf (accessed 14 October 2014).


# কৃতজ্ঞতাস্বীকার


এই বিষয়বস্তু ক্রিয়েটিভ কমন্স অ্যাট্রিবিউশন – শেয়ারঅ্যালাইক লাইসেন্স এর অধীনে উপলব্ধ (http://creativecommons.org/licenses/by-sa/3.0/), যদি না অন্যভাবে চিহ্নিত হয়। লাইসেন্সটি টিইএসএস (TESS)-ইন্ডিয়ার, OU এবং UKAID লোগোগুলির ব্যবহার বহির্ভূত করে, যা শুধুমাত্র টিইএসএস(TESS)-ইন্ডিয়ার প্রকল্পের ক্ষেত্রেই অপরিবর্তিতভাবে ব্যবহার করা যেতে পারে।

কপিরাইট স্বত্বাধিকারীদের সাথে যোগাযোগ করার উদ্দেশ্যে সর্বতভাবে প্রচেষ্টা করা হয়েছে। যদি কোনোটি অনিচ্ছাকৃতভাবে নজর এড়িয়ে গিয়ে থাকে, তাহলে প্রকাশকরা প্রথম সুযোগেই সানন্দে প্রয়োজনীয় বন্দোবস্ত করবেন।



ভিডিও (ভিডিও স্টিল সহ): ভারত ব্যাপী শিক্ষকদের শিক্ষাদানকারী, প্রধান শিক্ষক, শিক্ষক ও ছাত্রছাত্রীদের ধন্যবাদ জানানো হচ্ছে, যারা প্রস্তুতির সময়ে ওপেন ইউনিভার্সিটির সঙ্গে কাজ করেছিলেন।